# বাগেরহাট-নাথ-সমিতির

# কার্য্যবিবরণী

( ১৩১৯—১৩৩৩ সাল। )

ও

# নিয়মাবলী।

শ্রীশরৎ চন্দ্র নাথ বি, এস্

কর্ত্তৃক

সম্পাদিত ও প্রকাশিত।

কার্য্যালয়ঃ—

বাগেরহাট, (খুলনা।)

১৩৩৩। ৩০ চৈত্র।

---

☛ সদস্যগণ সমিতির প্রকাশিত কার্য্যবিবরণী বিনামূল্যে পাইবেন।

IMPERIAL LIBRARY

# সূচীপত্র।


| | | পৃষ্ঠা |
|---|---|---|
| ১। | প্রস্তাবনা। | ১ |
| ২। | সভা সমিতির আবশ্যকতা | ২ |
| ৩। | সমিতির প্রতিষ্ঠা | ৩ |
| ৪। | সমিতির কার্য্যক্ষেত্র | ৬ |
| ৫। | সমিতির উদ্দেশ্য | ৬ |
| ৬। | সভার অধিবেশনের সংক্ষিপ্ত বিবরণ | ৭ |
| ৭। | সমিতির সফলতার পরিচয় | ২৮ |
| ৮। | ধনভাণ্ডারের আয় ব্যয়ের হিসাব | ৩৫ |
| ৯। | ১৩৩১-সালের সদস্য তালিকা। | ৫১ |
| ১০। | সমিতির নিয়মাবলী | ৫৩ |

# বাগেরহাট-নাথ-সমিতির

# কার্য্যবিবরণী

( ১৩১৯—১৩৩৩ সাল। )

ও

# নিয়মাবলী।

শ্রীশরৎ চন্দ্র নাথ বি, এস্,

কর্ত্তৃক

সম্পাদিত ও প্রকাশিত।

কার্য্যালয়ঃ—

বাগেরহাট, (খুলনা।)

১৩৩৭। ৩০ চৈত্র।

☛ সদস্যগণ সমিতির প্রকাশিত কার্য্যবিবরণী বিনামূল্যে পাইবেন।

## সূচীপত্র।

IMPERIAL LIBRARY


| | | পৃষ্ঠা |
|---|---|---|
| ১। | প্রস্তাবনা | ১ |
| ২। | সভা সমিতির আবশ্যকতা | ২ |
| ৩। | সমিতির প্রতিষ্ঠা | ৩ |
| ৪। | সমিতির কার্য্যক্ষেত্র | ৬ |
| ৫। | সমিতির উদ্দেশ্য | ৬ |
| ৬। | সভার অধিবেশনের সংক্ষিপ্ত বিবরণ | ৭ |
| ৭। | সমিতির সফলতার পরিচয় | ২৮ |
| ৮। | ধনভাণ্ডারের আয় ব্যয়ের হিসাব | ৩৫ |
| ৯। | ১৩৩১-সালের সদস্য তালিকা | ৫১ |
| ১০। | সমিতির নিয়মাবলী | ৫৩ |

# প্রথম অধ্যায়।

## প্রস্তাবনা।

মঙ্গলময় পরমেশ্বরের শুভ ইচ্ছায় বাগেরহাট-নাথ-সমিতি নানা বাধাবিঘ্ন অতিক্রম করিয়া অষ্টাদশ বর্ষ অন্তে নূতন আশা, আকাঙ্ক্ষা, উৎসাহ, উদ্যম ও আনন্দ লইয়া আজ ঊনবিংশ বর্ষে পদার্পণ করিল। অতীত বর্ষ সমূহের অনুকূল ও প্রতিকূল অবস্থাগুলি আজ আমাদের মনে এক পরম আনন্দের সৃষ্টি করিতেছে। যে বিধাতা এই ক্ষুদ্র অথচ মহদনুষ্ঠানের প্রাণ প্রতিষ্ঠা করিয়া এতদিন ইহাকে অক্ষুণ্ণ রাখিয়াছেন, যাঁহার অদৃশ্য মঙ্গলহস্তের অঙ্গুলী সঞ্চালনে সমাজের বিভিন্ন মতাবলম্বী ভ্রাতৃমণ্ডলী ধীরে ধীরে এক মহান্ লক্ষ্যের দিকে অগ্রসর হইতেছেন, যাঁহার কৃপাকটাক্ষে সমিতি শ্রীসম্পন্ন হইয়া উঠিয়াছে, আজ এই বিবরণী লিখিবার সময় তাঁহারই চরণপ্রান্তে হৃদয়ের অপরিসীম কৃতজ্ঞতা জানাইতেছি।

আজ তাঁহাদেরই কথা পুনঃ পুনঃ মনে হইতেছে যাঁহাদের উৎসাহে ও উদ্যমে এই সমিতি গঠিত হইয়াছিল। পরিতাপের বিষয় এই যে সমিতির প্রাণপ্রতিষ্ঠাতৃগণের মধ্যে ৺হরিচরণ নাথ (১) (কোধলা) ৺উমাচরণ নাথ (রহিমাবাদ) ৺হরিচরণ নাথ (২) (কোধলা,) ৺দীননাথ নাথ (মশিদপুর) ৺দেবেন্দ্রনাথ নাথ (রহিমাবাদ), বংশীবদন নাথ (কাঁঠালতলা) ও ৺নকুলচন্দ্র নাথ (কোধলা) আর ইহ জগতে নাই।

যাঁহাদের ঐকান্তিক চেষ্টায় ও যত্নে এই সমিতি বর্দ্ধিত ও পরিপুষ্ট হইয়াছে তাঁহাদিগের মধ্যে চুলকাটী নিবাসী ৺পার্ব্বতীচরণ নাথ কবিরাজ, ডিংসাইপাড়া নিবাসী ৺সুরেন্দ্রনাথ নাথ কবিরাজ ও নন্দনপুর নিবাসী ৺জানকীনাথ নাথ মহাশয়গণের নাম বিশেষ উল্লেখযোগ্য। ইঁহাদের অভাবে সমিতি যার পর নাই ক্ষতিগ্রস্ত হইতেছে।

ভগবানের আশীর্ব্বাদে আমাদের সকল অপূর্ণতা, সকল অক্ষমতা দূর হউক ইহাই আমাদের একান্ত প্রার্থনা।

## দ্বিতীয় অধ্যায়।

## সভা সমিতির আবশ্যকতা।

যে জাতি একদিন ধর্ম্মমন্দিরের প্রধান পূজারী ছিলেন, যে জাতি একদিন কঠোর ব্রহ্মচর্য্য ব্রত পালন করিয়া গিয়াছেন, যে জাতি একদিন যোগশিক্ষার বলে জগতে অলৌকিক কর্ম্মসমূহের অনুষ্ঠান করিয়া গিয়াছেন, যে জাতি একদিন ভারতীয় কত রাজন্যবর্গের গুরুপদে অধিষ্ঠিত ছিলেন এমন কি উত্তরপশ্চিমাঞ্চলে আজিও অধিষ্ঠিত আছেন, যে জাতির ধর্ম্মবলে একদিন লক্ষ লক্ষ মস্তক অবনত হইত, যে জাতির কর্ম্মবল ও যোগবল ভারতের অশেষ কল্যাণ করিয়া

গিয়াছে সেই আর্য্য যোগী জাতির আজ এই দুরবস্থা কেন? একথা জানিতে কাহার না ইচ্ছা হয়! উত্তরপশ্চিমাঞ্চলের কীর্ত্তিকলাপ দর্শনে ও প্রত্নতত্ত্ব আলোচনা করিয়া জানা গিয়াছে যে যোগী জাতি এককালে ভারতীয় সমাজে শ্রেষ্ঠ আসন লাভ করিয়াছিলেন। এইক্ষণ আমাদের স্বতঃই জানিবার ইচ্ছা হয় কেন যোগিজাতির এই অধঃপতন হইল।

এক্ষণে জাতীয় অবনতির কারণ অনুসন্ধান ও পুনরুত্থানের উপায় নির্দ্ধারণ করা একান্ত আবশ্যক হইয়াছে। ইহা দুই এক জনের চেষ্টায় হয় না; ইহা সমগ্র সমাজের সাধনা সাপেক্ষ। সমাজের হীন অবস্থা সমাজ দেখিবে, সমাজ বিধি ব্যবস্থা করিবে, সমাজ প্রতিকার করিবে তাই মিলনের প্রয়োজন, তাই সভা সমিতির প্রয়োজন।

---

## তৃতীয় অধ্যায়।

## বাগেরহাট-নাথ-সমিতির প্রতিষ্ঠা।

সভা সমিতির আবশ্যকতা উপলব্ধি করিয়া কয়েকজন উৎসাহী স্বজাতি একত্র হইয়া বাংলা ১৩১৬ সালের ১লা জ্যৈষ্ঠ তারিখে বাগেরহাট একটী সভা আহ্বান করিয়া "বাগেরহাট-নাথ-সমিতি" প্রতিষ্ঠিত করেন ও নিম্নলিখিত সভ্যগণ ঐ সমিতির ধনভাণ্ডার স্থাপন করেন।

| নাম | সাকিন | টাকার পরিমাণ |
|---|---|---|
| স্বর্গীয় হরিচরণ নাথ (১) | কোধলা | ১৫৲ |
| „ উমাচরণ নাথ | রহিমাবাদ | ১৫৲ |
| „ দীননাথ নাথ | মশিদপুর | ১০৲ |
| „ দেবেন্দ্রনাথ নাথ | রহিমাবাদ | ৩৲ |
| „ হরিচরণ নাথ | কোধলা | ৪৲ |
| শ্রীযুক্ত গোপালচন্দ্র নাথ | ব্রাহ্মণরাংদিয়া | ৮৲ |
| „ সখিচরণ নাথ | মশিদপুর | ৫৲ |
| „ গোবিন্দচন্দ্র নাথ | কোধলা | ২৲ |
| „ বলরাম নাথ | ঐ | ২৲ |
| „ দ্বারিকানাথ নাথ | ঐ | ১৲ |
| „ প্রিয়নাথ নাথ | ঐ | ১৲ |
| „ কৃষ্ণচন্দ্র নাথ | ঐ | ১৲ |
| স্বর্গীয় উমাচরণ নাথ | ঐ | ১৲ |
| „ নকুলচন্দ্র নাথ | ঐ | ১৲ |
| শ্রীযুক্ত হরিচরণ নাথ (১) | রহিমাবাদ | ২৲ |
| „ নিবারণচন্দ্র নাথ | সিংগাতি | ২৲ |
| „ সুদর্শন নাথ | ঘনশ্যামপুর | ১৲ |
| „ কৈলাসচন্দ্র নাথ | কার্ত্তিকদিয়া | ১৲ |
| স্বর্গীয় বংশীবদন নাথ | কাঁঠালতলা | ১৲ |
| | | মোট ৭৬৲ |

নিম্নলিখিত সভ্যগণকে লইয়া তিন বৎসরের জন্য ঐ সমিতির কার্য্য নির্ব্বাহক কমিটি গঠিত হয়।

## কার্য্যনির্ব্বাহক কমিটি।

( ১৩১৯—১৩২২ সাল পর্য্যন্ত )

স্বর্গীয় উমাচরণ নাথ, (রহিমাবাদ) সভাপতি।
শ্রীযুত কৃষ্ণচন্দ্র নাথ, (বাগেরহাট) সম্পাদক।
স্বর্গীয় হরিচরণ নাথ (১) (কোধলা) কোষাধ্যক্ষ।
„ দীননাথ নাথ, (মশিদপুর)।
„ হরিচরণ নাথ (২) (কোধলা)।
শ্রীযুক্ত হরিচরণ নাথ (১) (রহিমাবাদ)।
„ গোপালচন্দ্র নাথ, (ব্রাহ্মণ রাংদিয়া)।
„ নিবারণচন্দ্র নাথ, (সিংগাতি)।
„ সখিচরণ নাথ, (মশিদপুর)।
৺দেবেন্দ্রনাথ নাথ, (রহিমাবাদ)।

হিসাব পরীক্ষক :—
শ্রীযুক্ত রাইচরণ নাথ, রহিমাবাদ।

## চতুর্থ অধ্যায়।

# সমিতির কার্য্যক্ষেত্র।

খুলনা সহরের পূর্ব্ব দিকের ভৈরবনদ কূলবর্ত্তী রাঢ়ী শ্রেণীর যোগিগণকে লইয়াই এই সমিতি গঠিত। এই সমিতির অন্তর্ভূক্ত নরনারীর মোট সংখ্যা তিন হাজারের কিছু অধিক।

---

## পঞ্চম অধ্যায়।

# সমিতির উদ্দেশ্য।

"ভৈরব রাঢ়ী" শ্রেণীর যোগী সমাজের উন্নতি বিষয়ক ও অবনতি প্রতিষেধক সর্ব্বপ্রকার কার্য্য সম্পাদন।

সমিতির উদ্দেশ্য সাধন জন্য নিম্নলিখিত এবং আবশ্যক হইলে অন্যান্য উপায় সমূহ অবলম্বিত হইবে।

১। শিক্ষা বিস্তারে উৎসাহ দান। তজ্জন্য (ক) স্থানে স্থানে পাঠশালা ও সংস্কৃত চতুষ্পাঠী সংস্থাপন ও সাহায্য প্রদান। (খ) দরিদ্র, যোগ্য ছাত্র ও ছাত্রিগণকে আর্থিক সাহায্য দান।

২। উপবীত সংস্কার।

৩। স্বজাতীয় বিভিন্ন সমাজের সহিত বৈবাহিক আদান প্রদান।

৪। সমাজের ক্ষুদ্র ক্ষুদ্র দলাদলি দূরীকরণ ও সাম্য-ভাব স্থাপন।

৫। পুরোহিত সংস্কার।

৬। বাল্য-বিবাহ নিবারণ।

৭। কুরীতির উচ্ছেদ সাধন।

---

## ষষ্ঠ অধ্যায়।

# সভার অধিবেশনের সংক্ষিপ্ত বিবরণ।

১৩১৬. সালের ১লা জ্যৈষ্ঠ বাগেরহাটে সমিতির প্রথম অধিবেশন হয়। পরে ঐ সালের ফাল্গুন মাসে ইলাইপুরের স্বনামধন্য কবিরাজ স্বর্গীয় শুকচাঁদ নাথ মহাশয়ের বাটীতে আর একটী সভা হয়। তারপর সাইটতলা, গড় পাইকপাড়া, জাড়িয়াভবনা ও বাওইডাঙ্গা প্রভৃতি স্থানে আরো কয়েকটী সভার অধিবেশন হয়।

১৩১৯ সালের ২৪শে আষাঢ় তারিখে নিম্নলিখিত সভ্যগণকে লইয়া চারি বৎসরের জন্য কার্য্য নির্ব্বাহক কমিটি গঠিত হয়।

# কার্য্যনির্ব্বাহক কমিটী।

( ১৩১৬—১৩১৯ সাল পর্য্যন্ত )

শ্রীযুক্ত বলহরি নাথ কবিরাজ, (ডিংসাইপাড়া) সভাপতি।
,, কৃষ্ণচন্দ্র নাথ কাব্যতীর্থ, (রহিমাবাদ) সহঃ সভাপতি।
,, কৃষ্ণচন্দ্র নাথ (বাগেরহাট) সম্পাদক।
স্বর্গীয় হরিচরণ নাথ (১) (কোধলা) কোষাধ্যক্ষ।
শ্রীযুক্ত রসিকচন্দ্র নাথ কবিরাজ, (কার্ত্তিকদিয়া)।
,, সখিচরণ নাথ (মশিদপুর)।
স্বর্গীয় অতুলচন্দ্র নাথ (কোধলা)।
,, নকুলচন্দ্র নাথ ঐ
শ্রীযুক্ত বলরাম নাথ ঐ
স্বর্গীয় পার্ব্বতীচরণ নাথ কবিরাজ, (চুলকাটী)।

হিসাব পরীক্ষক :—

শ্রীযুক্ত রাইচরণ নাথ, রহিমাবাদ।

---

# খুলনা যোগিছাত্র সমিতির প্রতিষ্ঠা।

১৩২১ সালের চৈত্র মাসে যাইটতলা নিবাসী স্বজাতি বৎসল স্বর্গীয় প্রিয়নাথ নাথ মহাশয়ের বাটীতে একটী সভার অধিবেশন হয় ঐ সভায় ছাত্রদিগকে উৎসাহিত করিবার জন্য "খুলনা যোগিছাত্র সমিতির প্রতিষ্ঠা করা হউক" বলিয়া সর্ব্বসম্মতিক্রমে এক প্রস্তাব গৃহীত হয়।

রহিমাবাদ নিবাসী ছাত্রসুহৃৎ শ্রীযুক্ত রাইচরণ নাথ মহাশয়ের নিকট ঐ প্রস্তাব জ্ঞাপন করিলে তিনি অত্যন্ত আনন্দিত হইয়া অসীম উৎসাহে ঐ প্রস্তাব কার্য্যে পরিণত করিতে প্রবৃত্ত হইলেন। তাঁহার ঐকান্তিক চেষ্টায় তদীয় অগ্রজ স্বর্গীয় উমাচরণ নাথ মহাশয় ১৩২২ সালের ১৩ই বৈশাখ তারিখে ছাত্র-সমিতির প্রথম অধিবেশন আহ্বান করেন এবং সমস্ত ব্যয়ভার বহন করেন। পাইকপাড়া নিবাসী পণ্ডিত শশিভূষণ নাথ ভাগবতরত্ন মহাশয় ঐ সভার সভাপতির আসন অলঙ্কৃত করেন। ছাত্র সমিতির প্রথম অধিবে-শনের সাফল্য দেখিয়া সকলেই মুগ্ধ হইয়াছিলেন। সভায় ছাত্র সমেত প্রায় ৫০০ শত লোক উপস্থিত হন। সাধারণ সভায় নিম্নের সভ্যগণকে লইয়া ১৩২২ সালের জন্য ছাত্র সমিতির কার্য্যকরী কমিটি গঠন করা হয়।

---

## ছাত্র সমিতির
## কার্য্যকরী কমিটী

(১৩২২ সাল)

সভাপতি—পণ্ডিত শশিভূষণ নাথ ভাগবতরত্ন (পাইকপাড়া)

সহঃ সভাপতি—পণ্ডিত কৃষ্ণচন্দ্র নাথ কাব্যতীর্থ (রহিমাবাদ)

সম্পাদক—শ্রীযুত সত্য চরণ নাথ ( নৈহাটী )
সহঃ সম্পাদক—" দেবেন্দ্রকুমার নাথ ( বারুইপাড়া )
কোষাধ্যক্ষ— " কৃষ্ণচন্দ্র নাথ (বাগেরহাট)
" রাইচরণ নাথ (রহিমাবাদ)
" বলহরি নাথ কবিরাজ (ডিংসাইপাড়া)
" অবিনাশচন্দ্র নাথ শিক্ষক (ঘনশ্যামপুর)
৺পার্ব্বতীচরণ নাথ কবিরাজ (চুলকাটী)
৺সুরেন্দ্রকুমার নাথ কবিরাজ (ডিংসাইপাড়া)

ঐ বৎসর ছাত্র সমিতির আরো তিনটী অধিবেশন হয়।

---

## ছাত্র সমিতির

### দ্বিতীয় অধিবেশন।

ঐ বৎসর জৈষ্ঠ মাসে বেলফুলিয়া নিবাসী স্বর্গীয় নিবারণ চন্দ্র নাথ মহাশয়ের বাটীতে ছাত্র সমিতির দ্বিতীয় অধিবেশন হয়। পণ্ডিত কৃষ্ণচন্দ্র নাথ কাব্যতীর্থ মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। সভায় উপস্থিত ৬০০ জনের মধ্যে ৮০ জন ছাত্র ছিলেন।

### তৃতীয় অধিবেশন।

ঐ জৈষ্ঠ মাসে কাড়াপাড়া গ্রামে তৃতীয় অধিবেশন হয়। শ্রীযুত বলহরি নাথ কবিরাজ মহাশয় ঐ সভায় সভাপতির আসন গ্রহণ করেন। সভায় উপস্থিত ৪।৫ জন

শিক্ষিত ব্রাহ্মণগণের মধ্যে অন্যতম শ্রীযুত সারদালাল কাজড়ী মহাশয় যোগী জাতির উন্নতি জনক বহু উপদেশপূর্ণ বক্তৃতায় সকলকে তৃপ্ত করেন।

## চতুর্থ অধিবেশন।

থাজুরা নিবাসী কবিরাজ শ্রীযুত জানকীনাথ নাথ ভট্টাচার্য্য মহাশয়ের বাটীতে ছাত্র সমিতির চতুর্থ অধিবেশন হয়। পাইকপাড়া নিবাসী স্বর্গীয়—বিশ্বম্ভর নাথ কবিরাজ মহাশয় ঐ সভায় সভাপতির কার্য্য করেন। সভায় স্বজাতীয় বিভিন্ন সমাজের সহিত বৈবাহিক আদান প্রদানের কথা বিশদ রূপে আলোচিত হয়। সভাপতি মহাশয় অত্যন্ত উৎসাহের সহিত ঐ প্রস্তাব সমর্থন করিয়া যাহাতে উহা অবিলম্বে কার্য্যে পরিণত হয় তজ্জন্য সকলকে বিশেষ অনুরোধ করেন।

[উক্ত ৪টী সভার বিবরণ যোগিসখার ১৩৩২ সালের অগ্রহায়ণ ও পৌষ সংখ্যায় বিশেষ ভাবে লিপিবদ্ধ আছে।]

---

# ছাত্র সমিতির

## দ্বিতীয় বর্ষের প্রথম অধিবেশন।

১৩২৩ সালের বৈশাখ মাসে ছাত্র সমিতির দ্বিতীয় বার্ষিক প্রথম অধিবেশন পাইকপাড়া নিবাসী শ্রীযুত উমেশ চন্দ্র নাথ কবিরাজ মহাশয়ের বাটীতে ছাত্র সমিতির স্থায়ী

পতিত্বে অনুষ্ঠিত হয়। ঐ সভায় ১৩২৩ সালের জন্য কার্য্যকরী কমিটীর পুনর্গঠনের সময় রহিমাবাদ নিবাসী শ্রীযুত শরৎচন্দ্র নাথ মহাশয়কে সহকারী সম্পাদক নিযুক্ত করা হয়। কমিটীর অন্যান্য সদস্যগণ পুনর্নির্ব্বাচিত হন।

---

## ছাত্র সমিতির

## দ্বিতীয় বার্ষিক দ্বিতীয় অধিবেশন ঃ

১৩২৩ সালের ২১শে জ্যৈষ্ঠ তারিখে ইলাইপুর নিবাসী শ্রীযুত গোবিন্দ চন্দ্র নাথ মহাশয়ের বাটীতে তদীয় সুযোগ্য পুত্র শ্রীযুত কুঞ্জবিহারী নাথ মহাশয়ের ঐকান্তিক চেষ্টায় ছাত্র সমিতির দ্বিতীয় বার্ষিক দ্বিতীয় অধিবেশন আহুত হয়। পণ্ডিত কৃষ্ণচন্দ্র নাথ কাব্যতীর্থ মহাশয় সভার সভাপতির কার্য্য করেন। সভায় অন্যান্য বিষয়ের মধ্যে স্বর্গীয় পার্ব্বতী চরণ নাথ কবিরাজ মহাশয়ের স্ত্রী স্বর্ণকুমারী দেবী সরস্বতী শিক্ষয়িত্রী, লিখিত "স্ত্রী শিক্ষা" শীর্ষক প্রবন্ধ বিশেষ উল্লেখ যোগ্য। ছাত্র সমেত প্রায় ৫০০ শত স্বজাতি সভায় উপস্থিত ছিলেন।

# ছাত্র সমিতির

## তৃতীয় বর্ষের অধিবেশন।

১৩২৪ সালের ২৫শে জ্যৈষ্ঠ তারিখে রহিমাবাদ গ্রামের স্বজাতিগণের সমবেত চেষ্টায় ঐ গ্রামে ছাত্র সমিতির তৃতীয় বর্ষের অধিবেশন হয়। যোগিসখা বোর্ডের ভূতপূর্ব্ব সদস্য নন্দনপুর নিবাসী স্বর্গীয় জানকীনাথ নাথ মহাশয় ঐ সভায় সভাপতির আসন অলঙ্কৃত করেন। ছাত্র সমেৎ প্রায় ৩০০ স্বজাতী সভায় উপস্থিত হন। সভায় নিম্নলিখিত ব্যাক্তিগণকে লইয়া ১৩২৪ সালের জন্য কার্য্যকরী কমিটি গঠিত হয়।

---

# কার্য্যকরী কমিটি।

(১৩২৪ সাল)

সভাপতি—পণ্ডিত শশীভূষণ নাথ ভাগবতরত্ন।

সহঃ সভাপতি—পণ্ডিত কৃষ্ণচন্দ্র নাথ কাব্যতীর্থ।

সম্পাদক—শ্রীযুত সত্যচরণ নাথ বি, এ।

সহঃ সম্পাদক—"শরৎচন্দ্র নাথ (রহিমাবাদ)

ঐ [illegible] নাথ ( [illegible] )

কোষাধ্যক্ষ—শ্রীযুক্ত কৃষ্ণচন্দ্র নাথ ( বাগেরহাট )
"রাইচরণ নাথ ( রহিমাবাদ )
"বলহরি নাথ কবিরাজ ( ডিংসাইপাড়া )
„অবিনাশচন্দ্র নাথ শিক্ষক ( ঘনশ্যামপুর )
৺সুরেন্দ্র কুমার নাথ কবিরাজ।

হিসাব পরীক্ষক:—
স্বর্গীয় পার্ব্বতীচরণ নাথ কবিরাজ। (চুলকাটি)

এযাবৎ ছাত্র সমিতির ধন ভাণ্ডারে যে ২৭৸৶ টাকা জমা হয় তন্মধ্যে নৈহাটীর ছাত্র সত্যচরণ নাথকে পড়ার সাহায্য দেওয়া ৪৲ টাকা বাদে তহবিলে যে ২৩৸৶ থাকে তাহা ১৩২৪ সালের ৩০ চৈত্র তারিখে বাগেরহাট-নাথ-সমিতির ধনভাণ্ডারভুক্ত করা হয়।

---

## ছাত্র সমিতির
### চতুর্থ বর্ষের অধিবেশন।

১৩২৫ সালের ১৩ই ও ১৪ই জ্যৈষ্ঠ তারিখে বেলকুলিয়া নিবাসী স্বর্গীয় নিবারণচন্দ্র নাথ মহাশয়ের বাটীতে ছাত্র সমিতির ৪র্থ বর্ষের অধিবেশন হয়। বেতাগা নিবাসী পণ্ডিত কানাইলাল কাব্যতীর্থ মহাশয় ঐ সভার সভাপতি মনোনীত

হন কিন্তু তিনি অসুস্থতা নিবন্ধন সভায় উপস্থিত হইতে না পারায় সর্ব্বসম্মতিক্রমে নৈহাটী নিবাসী শ্রীযুত সত্য চরণ নাথ মহাশয় সভাপতির কার্য্য করেন। ঐ সভায় বাগেরহাট-নাথ-সমিতির ও ছাত্র-সমিতির প্রতিনিধিগণের পরামর্শে ও উপস্থিত সভ্যগণের সম্মতিতে এই মর্ম্মে এক প্রস্তাব গৃহীত হয় যে সেই দিন হইতে খুলনা-যোগি-ছাত্র সমিতি বাগেরহাট-নাথ-সমিতির সহিত মিলিত হইবে ও বাগেরহাট-নাথ-সমিতি নামেই সমিতি অভিহিত হইবে। ১৩২৪ সালের চৈত্র মাসে ছাত্র সমিতির যে তহবিল বাগেরহাট-নাথ-সমিতির ধনভাণ্ডারভুক্ত করিয়া লওয়া হইয়াছিল তাহাও এই সভা অনুমোদন করেন।

তদবধি ছাত্র-সমিতি বাগেরহাট নাথ সমিতির সহিত একত্রীভূত হইল এবং বাগেরহাট-নাথ-সমিতির নামেই এই সমাজের কার্য্যাদি চলিয়া আসিতেছে।

---

# বাগেরহাট-নাথ-সমিতির

## অষ্টম বর্ষের অধিবেশন।

১৩২২ সাল হইতে ১৩২৫ সাল পর্য্যন্ত সমাজের বিভিন্ন স্থানে বৎসরে এক বা একাধিক বার বিপুল আনন্দ ও উৎসাহের

সহিত ছাত্র সমিতির অধিবেশন হইত বলিয়া বাগেরহাট নাথ সমিতির আর পৃথক অধিবেশন হয় নাই। কেবল মাত্র ১৩২৩ সালে আষাঢ় মাসে রহিমাবাদ নিবাসী হরিচরণ নাথ মহাশয়ের বাটীতে বাগেরহাট - নাথ সমিতির অষ্টম বর্ষের অধিবেশন হয়। ছাত্রসুহৃদ্ শ্রীযুক্ত রাইচরণ নাথ মহাশয় ঐ সভায় সভাপতির আসন গ্রহণ করেন। সভায় নিম্নের সভ্যগণকে লইয়া তিন বৎসরের জন্য বাগেরহাট-নাথ-সমিতির কার্য্য নির্ব্বাহক কমিটি গঠিত হয়।

---

## কার্য্য নির্ব্বাহক কমিটি

(১৩২৩ হইতে ১৩২৫ সাল পর্য্যন্ত)

সভাপতি—শ্রীযুক্ত রাইচরণ নাথ, রহিমাবাদ।

সহঃ সভাপতি—„ রসিকচন্দ্র নাথ কবিরাজ, কার্ত্তিকদিয়া।

সম্পাদক—স্বর্গীয় জানকীনাথ নাথ, নন্দনপুর।

সহঃ সম্পাদক—" বঙ্কবিহারী নাথ, রহিমাবাদ।

কোষাধ্যক্ষ—শ্রীকৃষ্ণচন্দ্র নাথ, বাগেরহাট।

শ্রীযুক্ত জানকীনাথ কবিরাজ, খাজুরা।

" শশিভূষণ ভাগবতরত্ন, পাইকপাড়া।

" কৃষ্ণচন্দ্র কাব্যতীর্থ, রহিমাবাদ।

" হরষিত নাথ কবিরাজ, কার্ত্তিকদিয়া।

স্বর্গীয় পার্ব্বতীচরণ নাথ কবিরাজ, চুলকাটি।

# বাগেরহাট নাথ সমিতির

## একাদশ বর্ষের অধিবেশন।

১৩১৬ সাল হইতে ১৩২৫ সাল পর্য্যন্ত বিভিন্ন স্থানে বাগেরহাট-নাথ-সমিতির ও খুলনা-যোগি-ছাত্র-সমিতির অধি-বেশন ও ১৩২৫ সালে উভয় সমিতি একত্রীভূত হওয়ার পর ১৩২৬ সালের ১৬ই জৈষ্ঠ তারিখে চুলকাটীনিবাসী স্বজাতি বৎসল স্বর্গীয় পার্ব্বতীচরণ নাথ কবিরাজ মহাশয়ের বাটীতে বাগেরহাট নাথ সমিতির একাদশ বর্ষের অধিবেশন হয়। নন্দনপুর নিবাসী স্বজাতির হিতাকাঙ্ক্ষী স্বর্গীয় কালীপ্রসন্ন নাথ মহাশয় ঐ সভায় সভাপতির কার্য্য করেন। সভায় ছাত্র সমেত প্রায় ৫০০ শত স্বজাতি উপস্থিত হন। এই সভায় নিম্নলিখিত ব্যক্তিগণকে লইয়া তিন বৎসরের জন্য বাগেরহাট-নাথ-সমিতির কার্য্য নির্ব্বাহক কমিটি গঠিত হয়।

---

## কার্য্যনির্ব্বাহক কমিটি।

( ১৩১৬—১৩২৮ সাল পর্য্যন্ত )

সভাপতি-স্বর্গীয় পার্ব্বতীচরণ নাথ, কবিরাজ।

সহঃ সভাপতি-" জানকীনাথ নাথ।

সম্পাদক শ্রীযুক্ত শরৎচন্দ্র নাথ।

সহঃ সম্পাদক স্বর্গীয় সুরেন্দ্রকুমার নাথ, কবিরাজ।

কোষাধ্যক্ষ—শ্রীযুক্ত কৃষ্ণচন্দ্র নাথ।
" রাইচরণ নাথ।
" হরষিত নাথ, কবিরাজ।
" জানকীনাথ নাথ, কবিরাজ।
" অবিনাশচন্দ্র নাথ, শিক্ষক।
" শশিভূষণ নাথ, কবিরাজ।

# বাগেরহাট নাথ সমিতির

## দ্বাদশ বর্ষের অধিবেশন।

১৩২৭ সালের ৮ই জ্যৈষ্ঠ তারিখে ইলাইপুর নিবাসী স্বজাতি প্রাণ কবিরাজ স্বর্গীয় শুকচাঁদ নাথ মহাশয়ের বাটীতে তদীয় ভ্রাতৃজায়া অমৃতসুন্দরী দেবীর ব্যয়ে সমিতির দ্বাদশ বর্ষের অধিবেশন হয়। রছুলপুর নিবাসী শ্রীযুক্ত শশিভূষণ নাথ কবিরাজ মহাশয় সভাপতির কার্য্য করেন। সভায় প্রায় ৩০০ শত স্বজাতি উপস্থিত হন। সভায় বহু উন্নতিজনক বিষয়ের মধ্যে বাগেরহাট মহকুমায় বনগ্রাম সমাজের সহিত বৈবাহিক আদান প্রদানের কথা আলোচিত হয়। সভাপতি মহাশয় ও উপস্থিত বহু গণ্যমান্য ব্যক্তি অত্যন্ত উৎসাহের

## ত্রয়োদশ বর্ষের অধিবেশন।

১৩২৮ সালের ৪ঠা চৈত্র চুলকাটি নিবাসী স্বর্গীয় পার্ব্বতী-চরণ নাথ কবিরাজ মহাশয়ের বাটীতে সমিতির ত্রয়োদশ বর্ষের অধিবেশন হয়। স্বজাতি হিতৈষী অক্লান্তকর্ম্মী নৈহাটী নিবাসী শ্রীযুক্ত সত্যচরণ নাথ মহাশয় ঐ সভার সভাপতির আসন অলংকৃত করেন। ছাত্র সমেৎ প্রায় ৮০০ শত স্বজাতি সভায় উপস্থিত ছিলেন। সমিতির সহঃ-সম্পাদক কর্ম্মনিষ্ঠ সুরেন্দ্রকুমারের অকাল মৃত্যুতে সভা গভীর শোক প্রকাশ করেন। ঐ সভায় ১৩২৯ হইতে ১৩৩১ সাল পর্য্যন্ত তিন বৎসরের জন্য নিম্নের ব্যক্তিগণকে লইয়া কার্য্য নির্ব্বাহক কমিটি গঠিত হয়।

---

## কার্য্যনির্ব্বাহক কমিটী।

( ১৩২৯—১৩৩১ সাল পর্য্যন্ত )

সভাপতি—পণ্ডিত শশিভূষণ নাথ, ভাগবতরত্ন।
সহঃ সভাপতি—শ্রীযুত বলহরি নাথ কবিরাজ।
সম্পাদক— „ শরৎচন্দ্র নাথ, বি, এ।
কোষাধ্যক্ষ— ” কৃষ্ণচন্দ্র নাথ (বাগেরহাট)
” রাইচরণ নাথ (রহিমাবাদ)
” জানকীনাথ নাথ, কবিরাজ।
স্বর্গীয় পার্ব্বতীচরণ নাথ কবিরাজ।
শ্রীযুত সত্য চরণ নাথ বি, এ।
” অবিনাশচন্দ্র নাথ শিক্ষক।
” রাজেন্দ্রকুমার নাথ ( পাবনা। )

শ্রীযুক্ত শরৎচন্দ্র নাথ বি, এ, ঐ সভায় সম্পাদকের পদত্যাগ পত্র দাখিল করিলে সর্ব্বসম্মতিতে তাহা অমঞ্জুর হওয়ায় তাঁহাকে এক বৎসরের জন্য অবসর দেওয়া হয় ও তাঁহার স্থানে শ্রীযুক্ত সত্যচরণ নাথ বি, এ মহাশয়কে এক বৎসরের জন্য অস্থায়ীভাবে সম্পাদক নিযুক্ত করা হয়।

১৩২৮ সালের পরবর্ত্তী কাল।

১৩২৮ সালের অধিবেশনের পর বিপুল আয়োজনের সহিত সমিতির আর অধিবেশন হয় নাই বটে, তবে প্রতি বৎসর মধ্যে মধ্যে সদস্য সভার অধিবেশন ও কার্য্যনির্ব্বাহক কমিটির অধিবেশন হইয়া সমিতির কার্য্য বেশ সুচারুরূপে সম্পন্ন হইতেছে।

---

## চতুর্দ্দশ বর্ষের
## কার্য্য নির্ব্বাহক কমিটির অধিবেশন।

১৩২৯ সালে ৯ই আষাঢ় তারিখে কার্য্যনির্ব্বাহক কমিটির অধিবেশনে সমিতির ধন ভাণ্ডারের সুব্যবস্থা সম্বন্ধে আলোচনা হয়।

## ষোড়শ বর্ষের অধিবেশন।

১৩৩১ সালে ২৬শে ফাল্গুন বাগেরহাটে মাড়িয়া নিবাসী শ্রীযুত কালীপ্রসন্ন নাথ মহাশয়ের সভাপতিত্বে সমিতির একটী সাধারণ সভার অধিবেশন হয় তাহাতে আসাম-বঙ্গ-যোগি

IMPERIAL LIBRARY

সম্মিলনীর মহাধিবেশন আহ্বান করা সম্বন্ধে ও অন্যান্য অনেক বিষয়ের বিস্তারিত আলোচনা হয়।

১৩৩১ সালের ১৫ই চৈত্র চুলকাটী নিবাসী স্বর্গীয় পার্ব্বতী চরণ নাথ কবিরাজ মহাশয়ের বাটীতে তাঁহারই সভাপতিত্বে নিম্ন-লিখিত কার্য্যনির্ব্বাহক কমিটি গঠিত ও প্রস্তাবসমূহ গৃহীত হয়।

---

## কার্য্যনির্ব্বাহক কমিটী

( ১৩৩২ সালের জন্য )

সভাপতি—স্বর্গীয় পার্ব্বতীচরণ নাথ, কবিরাজ।

সহঃ সভাপতি—শ্রীযুক্ত জানকীনাথ নাথ কবিরাজ।

সম্পাদক— „ শরৎচন্দ্র নাথ, বি, এল্ উকীল।

„ কৃষ্ণচন্দ্র নাথ, বাগেরহাট।

„ রাইচরণ নাথ, রহিমাবাদ।

„ সত্যচরণ নাথ বি, এ, নৈহাটী।

„ বলহরি নাথ কবিরাজ, ডিংসাইপাড়া।

„ জগদীশ নাথ, কবিরাজ, পাইকপাড়া।

„ অবিনাশচন্দ্র নাথ শিক্ষক, ঘনশ্যামপুর।

„ রাখালচন্দ্র নাথ, মশিদপুর।

## গৃহীত প্রস্তাব সমূহ।

১। যাঁহারা সমিতির ধনভাণ্ডার হইতে সাহায্য গ্রহণ করিয়া লেখাপড়া করিয়াছেন ও বর্ত্তমান সময়ে উপার্জ্জনক্ষম

হইয়াছেন এই সভা তাঁহাদিগকে এই সমিতিতে অর্থ সাহায্য করিবার জন্য অনুরোধ করিতেছেন।

২। ম্যাট্রিকুলেশন পরীক্ষায় উত্তীর্ণ হইয়া উচ্চতর পরীক্ষার জন্য প্রস্তুত হইতে কেহ সাহায্য প্রার্থী হইলে এই সমিতি যোগ্য মনে করিলে তাহাকে অর্থ সাহায্য করিবেন।

## পুরস্কার দান।

৩। সংস্কৃত শিক্ষার বহুল প্রচারের নিমিত্ত স্থিরীকৃত হইল যে (ক) যাঁহারা ব্যাকরণ, পুরাণ ও কাব্যের আদ্য ও মধ্য পরীক্ষায় উত্তীর্ণ হইবেন এই সমিতি তাঁহাদিগের প্রত্যেককে যথাক্রমে ১৲ টাকা ও ২৲ দুই টাকা পারিতোষিক দিবেন।

(খ) যাঁহারা ব্যাকরণ, পুরাণ ও কাব্যের উপাধি-পরীক্ষায় উত্তীর্ণ হইবেন তাঁহাদিগের প্রত্যেককে একটী রৌপ্য-পদক প্রদান করা হইবে।

(গ) যাঁহারা বেদান্ত, সাংখ্য, ন্যায় ও স্মৃতির আদ্য ও মধ্য পরীক্ষায় উত্তীর্ণ হইবেন তাঁহাদিগের প্রত্যেককে যথাক্রমে ২৲ দুই টাকা ও ৪৲ চারি টাকা পুরস্কার দেওয়া হইবে।

(ঘ) যাঁহারা বেদান্ত, সাংখ্য, ন্যায় ও স্মৃতির উপাধি-পরীক্ষায় উত্তীর্ণ হইবেন তাঁহাদিগের প্রত্যেককে সুবর্ণ-পদক প্রদান করা হইবে।

## প্রবন্ধ প্রতিযোগিতা পুরস্কার।

৪। মহাপুরুষগণের জীবনী আলোচনায় ও প্রবন্ধ লিখনে উৎসাহিত করিবার জন্য এই সমিতি প্রবন্ধ-প্রতিযোগিতা-পুরস্কার ঘোষণা করিতেছেন।

(ক) যাঁহার প্রবন্ধ সর্ব্বোত্তম বিবেচিত হইবে তাঁহাকে একটী রৌপ্য-পদক প্রদান করা হইবে।

(খ) ২২ বৎসরের ন্যূন বয়স্ক ছাত্র ও ছাত্রী যাহারা আই, এ অথবা আই, এস, সি ও সংস্কৃত কোন উপাধি পরীক্ষায় উত্তীর্ণ হন নাই তাঁহারাই ইহাতে যোগদান করিতে পারিবেন।

(গ) প্রতিযোগিতা পরীক্ষায় কোন ফি নাই।

(ঘ) প্রবন্ধ প্রতিযোগিতায় প্রবেশেচ্ছু ব্যক্তিগণ প্রতি বৎসর ১৫ই আষাঢ়ের মধ্যে সমিতির সম্পাদকের নিকট আবেদন করিবেন। সম্পাদক আবেদনকারীদিগকে পরীক্ষার বিষয়, স্থান, তারিখ ও সময় প্রভৃতি ৩০শে আষাঢ়ের মধ্যে জ্ঞাপন করিবেন।

(ঙ) শ্রীযুত সত্যচরণ নাথ বি, এ, শ্রীযুত শরৎচন্দ্র নাথ বি, এল্ ও শ্রীযুত অবিনাশচন্দ্র নাথ শিক্ষক এই তিন জনকে লইয়া পরীক্ষা-কমিটি গঠিত হইল। এই কমিটীই প্রবন্ধের বিচার করিবেন।

(চ) উক্ত বিষয়ের বিস্তারিত বিবরণ সম্পাদকের নিকট জ্ঞাতব্য।

## সপ্তদশ বর্ষের

## কার্য্য নির্ব্বাহক কমিটির অধিবেশন।

১৩৩২ সালের ২০শে ফাল্গুন তারিখে বাগেরহাটে কমিটির অধিবেশনে সমিতি সম্বন্ধে নানা বিষয়ের আলোচনা হয়।

## অষ্টাদশ বর্ষের অধিবেশন।

১৩৩৩ সালের ২৫শে আষাঢ় তারিখে রছুলপুর নিবাসী শ্রীযুক্ত শশিভূষণ নাথ কবিরাজ মহাশয়ের সভাপতিত্বে বাগের হাটে সমিতির এক সাধারণ সভার অধিবেশন হয়। সমিতির স্থায়ী সভাপতি পার্ব্বতী বাবুর অকাল মৃত্যুতে সভা গভীর শোক প্রকাশ করেন। সভায় ধনভাণ্ডার সম্বন্ধে বিস্তারিত আলোচনার পর ১৩৩৩ সালের জন্য কার্য্যনির্ব্বাহক কমিটি গঠন করা হয়।

সভাপতি—শ্রীযুক্ত জানকীনাথ নাথ কবিরাজ

সহঃ সভাপতি—" অবিনাশচন্দ্র নাথ, শিক্ষক।

সম্পাদক— " শরৎচন্দ্র নাথ, বি, এল্‌, উকিল।

সহঃ সম্পাদক-- " আশুতোষ নাথ, রহিমাবাদ।

" রাইচরণ নাথ, ঐ

" কৃষ্ণচন্দ্র নাথ, বাগেরহাট।

" বলহরি নাথ কবিরাজ, ডিংসাইপাড়া।

" সত্যচরণ নাথ, বি, এ, নৈহাটী।

" জগদীশ নাথ, পাইকপাড়া।

" রাখালচন্দ্র নাথ, মশিদপুর।

সমিতির ধনভাণ্ডার সম্বন্ধে কোধলা নিবাসী বাগেরহাট মোকামের বস্ত্র ব্যবসায়ী শ্রীযুক্ত কৃষ্ণচন্দ্র নাথ ও রহিমাবাদ নিবাসী বাগেরহাট মোকামের বস্ত্র ব্যবসায়ী শ্রীযুক্ত রাইচরণ নাথ মহাশয়দিগের নিকট বার্ষিক শতকরা ১২৲ টাকা সুদে ১৩৩৩ সালের ১লা বৈশাখ তারিখে যথাক্রমে যে ৫৮২৸৵১০ ও ২৬৩/১৫ টাকা দাদন করা হয়, তাহা এই সভা অনুমোদন করেন।

রহিমাবাদ নিবাসী বাগেরহাট মোকামের বস্ত্র ব্যবসায়ী শ্রীযুক্ত হরিচরণ নাথ আশুতোষ নাথ মহাশয়ের নিকট বার্ষিক শতকরা ১২৲ টাকা হারে সুদের চুক্তিতে ২০০৲ টাকা দাদন করার প্রস্তাব গৃহীত হয়। পরে ঐ সালের ১লা শ্রাবণ তারিখে ২০০৲ টাকা উক্ত শ্রীযুক্ত হরিচরণ নাথ আশুতোষ নাথের নিকট দাদন করা হইয়াছে।

অবশিষ্ট ২৫৲ টাকার যে গহনা বন্ধক রাখা হয় তাহা কৃষ্ণ বাবুর নিকট গচ্ছিত থাকে।

---

## কার্য্যনির্ব্বাহক কমিটীর অধিবেশন।

১৩৩৩ সালের ৫ই কার্ত্তিক তারিখে শ্রীযুক্ত সত্যচরণ নাথ বি, এ মহাশয়ের সভাপতিত্বে বাগেরহাটে সমিতির কার্য্য নির্ব্বাহক কমিটির অধিবেশনে নিম্নলিখিত প্রস্তাবগুলি গৃহীত হয়।

১। এই সভা নন্দনপুর নিবাসী ৺জানকীনাথ নাথ মহাশয়ের অকাল-মৃত্যুতে গভীর শোক প্রকাশ করিতেছেন।

২। আসাম-বঙ্গযোগি সম্মিলনীর হাওড়ার ১৭শ মহাধিবেশনে মনোনীত প্রতিনিধিগণের মধ্যে মাত্র শ্রীযুক্ত জানকীনাথ নাথ কবিরাজ মহাশয় যোগদান করেন; তাঁহার খরচ বাবদ ৭৲ সাত টাকা মঞ্জুর করা হইল।

৩। ঘনশ্যামপুরে স্বর্ণকুমারী দেবী সরস্বতী শিক্ষয়িত্রী পরিচালিত বালিকা বিদ্যালয়ের সাহায্যার্থ ১০৲ টাকা মঞ্জুর করা গেল।

৪। সমিতির সম্পাদক শ্রীযুক্ত শরৎচন্দ্র নাথ বি, এল্, উকিল মহাশয়ের উপর সমিতির প্রথম হইতে ১৩৩৩ সালের কার্য্য-বিবরণী ও নিয়মাবলী সম্পাদন ও প্রকাশের ভার অর্পণ করা হইল।

৫। সমিতির ধনভাণ্ডারের টাকা সম্বন্ধে স্থিরীকৃত হইল যে আগামী ৩০শে চৈত্র পর্য্যন্ত হিসাব করিয়া মোট টাকা যাহা হইবে ১৩৩৪ সালের বৈশাখ হইতে সেই টাকা নিম্নলিখিতরূপে রক্ষিত হইবে :—

(ক) শ্রীযুক্ত কৃষ্ণচন্দ্র নাথ (বাগেরহাট) মহাশয়ের নিকট বার্ষিক শতকরা ১২৲ টাকা সুদের হারে ৪০০৲ চারিশত টাকা দাদনে

(খ) শ্রীযুক্ত রাইচরণ নাথ (বাগেরহাট) মহাশয়ের নিকট বার্ষিক শতকরা ১২৲ টাকা সুদের হারে ২০০৲ টাকা দাদনে

(গ) শ্রীযুক্ত হরিচরণনাথ আশুতোষনাথ ( বাগেরহাট ) মহাশয়ের নিকট বার্ষিক শতকরা ১২৲ টাকা সুদে ২০০৲ টাকা দাদনে

(ঘ) অবশিষ্ট টাকা সম্পাদকের নামে পাব্‌লিক্ একাউণ্ট্ খুলিয়া বাগেরহাট পোষ্ট অফিসের সেভিংস্ ব্যাঙ্কে রক্ষিত হইবে। তাহার পাশ বই সভাপতির নিকট থাকিবে। সম্পাদক যথাসময়ে বঙ্গ ও আসামের পোষ্ট মাষ্টার জেনারেলের সহিত পত্র ব্যবহার করতঃ এ বিষয় স্থির করিবেন।

৬। সমিতির সদস্য শ্রীযুক্ত সত্যচরণ নাথ বি, এ মহাশয় "যোগি জাতির ইতিহাস" নামক পুস্তক মুদ্রণের জন্য সমিতির নিকট অর্থ সাহায্য প্রার্থনা করায় স্থিরীকৃত হইল যে:—

(ক) আসাম-বঙ্গ-যোগি-সম্মিলনী কর্ত্তৃক উক্ত পুস্তক অনুমোদিত হওয়া চাই।

(খ) প্রথম সংস্করণে ১০০০ এক হাজার কপি ছাপা হইবে তাহার ৫০০ পাঁচশত কপি ছাপা খরচ বাবদ সমিতিকে দিতে হইবে।

(গ) পুস্তকের স্বত্ব ( copy right ) সত্যবাবুরই থাকিবে। বাগেরহাট-নাথ-সমিতি মাত্র প্রকাশক হইবেন।

৭। বাগেরহাট-নাথ-সমিতির প্রতিষ্ঠাতা ১৯ জন সদস্যকে "আজীবন-সদস্য" শ্রেণীভুক্ত করিয়া লওয়া হইল।

৮। সমিতির আয়-ব্যয়ের হিসাব পরিদর্শন করা হইল ও রহিমাবাদ নিবাসী আজীবন-সদস্য শ্রীযুক্ত হরিচরণ নাথ মহাশয়কে ১৩৩৩ সালের জন্য হিসাব-পরীক্ষক নিযুক্ত করা হইল।

স্বাক্ষর শ্রীসত্যচরণ নাথ ( সভাপতি )

" শ্রীরাইচরণ নাথ।

" জানকীনাথ নাথ।

" কৃষ্ণচন্দ্র নাথ।

" শরৎচন্দ্র নাথ।

" রাখালচন্দ্র নাথ।

" আশুতোষ নাথ।

" অবিনাশচন্দ্র নাথ।

---

# সপ্তম অধ্যায়

# সমিতির সফলতার পরিচয়।

## ১। শিক্ষা।

বাগেরহাট-নাথ-সমিতি প্রতিষ্ঠিত হওয়ার পর "ভৈরব-বাটী" সমাজের নিম্নলিখিত ব্যক্তিগণ কলিকাতা বিশ্ববিদ্যালয় ও সংস্কৃত এসোসিয়েসন হইতে উপাধি ও অন্যান্য পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

শ্রীযুক্ত সত্যচরণ নাথ ( মৈহাটী )
বি, এ—(১৯২০)

শ্রীযুক্ত শরৎচন্দ্র নাথ ( রহিমাবাদ )
বি, এ—(১৯২১),
বি, এল—(১৯২৪)

( ইনি বর্ত্তমানে বাগেরহাটে ওকালতি করিতেছেন )।

ম্যাট্রিকুলেশন পরীক্ষা :—

| | | | |
|---|---|---|---|
| ১। | শ্রীযুত কৃষ্ণচন্দ্র নাথ কাব্যতীর্থ | (১৯১৬) | (রহিমাবাদ) |
| ২। | ,, রাখালচন্দ্র নাথ | (১৯১৮) | (মশিদপুর) |
| ৩। | ৺জগদ্বন্ধু নাথ | (১৯১৮) | (রহিমাবাদ) |
| ৪। | ,, ত্রৈলোক্যনাথ নাথ | (১৯২১) | (নৈহাটী) |
| ৫। | ,, অবিনাশচন্দ্র নাথ | (১৯২২) | (থাজুরা) |
| ৬। | ,, আশুতোষ নাথ | (১৯২২) | (রহিমাবাদ) |
| ৭। | ,, মুরারীকৃষ্ণ নাথ কাব্যতীর্থ | (১৯২২) | (পাইকপাড়া) |
| ৮। | ,, কৃষ্ণদাস নাথ | (১৯২৩) | (রহিমাবাদ) |
| ৯। | ,, কেশবচন্দ্র নাথ | (১৯২৫) | (পাইকপাড়া) |
| ১০। | ,, ব্রজেশ্বর নাথ | (১৯২৫) | (দেবীপুর) |
| ১১। | ,, হরিপ্রসাদ নাথ | (১৯২৫) | (নিকলাপুর) |
| ১২। | ,, রাধাচরণ নাথ | (১৯২৬) | (জাড়িয়া) |

"ভাগবতরত্ন" উপাধি পরীক্ষা :—

শ্রীযুত শশিভূষণ নাথ (১৯০৭) (পাইকপাড়া)

"কাব্যতীর্থ" উপাধি পরীক্ষা :—

| | | | |
|---|---|---|---|
| ১। | শ্রীযুত কৃষ্ণচন্দ্র নাথ | (১৯০৭) | (রহিমাবাদ) |
| ২। | ,, কানাইলাল নাথ | (১৯১০) | (বেতাগা) |
| ৩। | ,, মুরারীকৃষ্ণ নাথ | (১৯২৫) | (পাইকপাড়া) |

কাব্য মধ্য পরীক্ষা ঃ—

১। শ্রীযুত দ্বিজবর নাথ (১৯২৪) (জাড়িয়া)
২। ,, শীতলচন্দ্র নাথ (১৯২৫) (চূড়ামণি)
৩। ,, অবিনাশচন্দ্র নাথ (১৯২৬) (ঘনশ্যামপুর)

কাব্য আদ্য পরীক্ষা ঃ—

শ্রীযুত কালীকান্ত নাথ (১৯২৩) (জাড়িয়া)

সুপদ্ম ব্যাকরণ মধ্য পরীক্ষা ঃ—

১। শ্রীযুত কানাইলাল কাব্যতীর্থ (১৯১২)
,, শীতলচন্দ্র নাথ (১৯২০) চূড়ামণি
,, দ্বিজবর নাথ (১৯১৯) জাড়িয়া
,, অবিনাশচন্দ্র নাথ (১৯২৩) ঘনশ্যামপুর

সুপদ্ম ব্যাকরণ আদ্য পরীক্ষা ঃ—

শ্রীযুত জগদীশচন্দ্র নাথ পাইকপাড়া
,, হরষিতচন্দ্র নাথ (১৯২৪) ইলাইপুর
,, কৃষ্ণভূষণ নাথ (১৯২২) চুলকাটি
,, দেবেন্দ্রকুমার নাথ (১৯২৪) রহিমাবাদ
,, যুধিষ্ঠির নাথ (১৯২৪) রহিমাবাদ
,, কেশবচন্দ্র নাথ (১৯২৪) পাইকপাড়া
,, মুরারীকৃষ্ণ নাথ (বৃত্তিপ্রাপ্ত) (১৯২৫) পাইকপাড়া
,, নকুলচন্দ্র নাথ (১৯২৬) রহিমাবাদ

সামবেদ মধ্য পরীক্ষা :—

শ্রীযুত কানাইলাল নাথ কাব্যতীর্থ (১৯২১)
(সামবেদের আদ্য পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত)

সামবেদ আদ্য পরীক্ষা :—

শ্রীযুত কালীকান্ত নাথ (১৯২৪) জাড়িয়া

পুরাণ মধ্য পরীক্ষা :—

শ্রীযুত মুরারীকৃষ্ণ কাব্যতীর্থ (১৯১৪)

পুরাণ আদ্য পরীক্ষা :—

শ্রীযুত কানাইলাল কাব্যতীর্থ (১৯২৪)

গুরুট্রেনিং পরীক্ষা :—

শ্রীযুত দুর্গাচরণ নাথ, রহিমাবাদ
,, রসিকলাল নাথ (১৯০৯) ব্রাহ্মণরাংদিয়া
,, অবিনাশচন্দ্র নাথ (১৯১৮) ঘমশ্যামপুর
,, শীতলচন্দ্র নাথ (১৯২৪) ইলাইপুর

# চুলকাটি বালিকা বিদ্যালয়।

সমিতির পরমহিতৈষী স্বর্গীয় পার্ব্বতীচরণ নাথ কবিরাজ মহাশয়ের পত্নী শ্রীমতী স্বর্ণকুমারী দেবী সরস্বতী (কাশীধাম হইতে উপাধি প্রাপ্ত) তিন বৎসর যাবৎ নিজ বাটীতে বালিকা বিদ্যালয় স্থাপন করিয়া শিক্ষয়িত্রীর কার্য্য করিতেছেন।

স্বজাতি ও অন্যান্য জাতীয় প্রায় ২৫টী ছাত্রী তথায় পড়িতেছে। খুলনা জেলাবোর্ড ১৯২৫ সালের মার্চ্চ মাস হইতে মাসিক ২॥০ টাকা ও গবর্ণমেন্ট মাসিক ২ৎ টাকা করিয়া বৃত্তি দিতেছেন। ঐ বিদ্যালয়ে এই সমিতি এককালীন ১০ৎ টাকা দান করিয়াছেন।

## সংস্কৃত চতুষ্পাঠী।

স্বর্গীয় পার্ব্বতীচরণ নাথ কবিরাজ মহাশয় তাঁহারই বাটীতে খুলনা জেলাবোর্ডের বৃত্তি গ্রহণে ও সমিতির অর্থ সাহায্যে ও তত্ত্বাবধানে একটী সংস্কৃত চতুষ্পাঠী প্রতিষ্ঠিত করেন। পণ্ডিত কানাইলাল কাব্যতীর্থ মহাশয় উহার অধ্যাপক ছিলেন। কয়েক বৎসর কয়টী ছাত্র ঐ চতুষ্পাঠী হইতে উত্তীর্ণ হইয়াছে। পার্ব্বতীবাবুর আকস্মিক মৃত্যুতে ঐ চতুষ্পাঠী উঠিয়া যায়। তদবধি অধ্যাপক মহাশয় নিজগ্রাম বেতাগায় চতুষ্পাঠী খুলিয়াছেন; তাহাতে ব্রাহ্মণ ও যোগী জাতীয় অনেক ছাত্র অধ্যয়ন করিতেছেন। ঐ চতুষ্পাঠীর বেশ উন্নতি দেখা যাইতেছে।

## উপবীত।

প্রায় ২৫ বৎসর ধরিয়া এই সমাজে উপবীত গ্রহণের আন্দোলন চলিয়া আসিতেছে। বহু স্বজাতি বিধিমত উপবীত গ্রহণ করিয়াছেন ও অনেক বালকের বৈদিক রীতি অনুযায়ী উপনয়ন সংস্কার হইয়াছে ও হইতেছে। উপবীত সংস্কারের জন্য স্বর্গগত

কবিরাজ পার্ব্বতীবাবু যে অশেষ যত্ন, চেষ্টা ও অর্থব্যয় করিয়া গিয়াছেন তজ্জন্য সমাজ তাঁহার নিকট ঋণী।

## বিভিন্ন সমাজে বৈবাহিক মিলন।

কয়েক বৎসর পূর্ব্বে সমাজের কেহই নির্দ্দিষ্ট গণ্ডী অতিক্রম করিয়া বিভিন্ন সমাজে বৈবাহিক আদান প্রদান করিতেন না; কিন্তু জাতীয় আন্দোলনে তাহাতে সমাজ কতকটা সফলকাম হইয়াছে।

### প্রথম মিলন।

১৩২২ সালের ৪ঠা আষাঢ় তারিখে কলিকাতা ভবানীপুর নিবাসী স্বর্গীয় শীতলচন্দ্র নাথ পুলিশ ইন্‌স্‌পেক্টর (Police-inspector) মহাশয়ের কনিষ্ঠা কন্যা শ্রীমতী মায়ালতা দেবীর সহিত খুলনা সহরের নিকটবর্ত্তী নৈহাটী গ্রাম নিবাসী স্বর্গীয় চন্দ্রকান্ত নাথ মহাশয়ের পুত্র শ্রীযুত সত্যচরণ নাথ বি, এ মহাশয়ের বিবাহ হয়। ঐ বিবাহে এই সমাজের ৪০ জন গণ্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন।

### দ্বিতীয় মিলন।

১৩২৫ সালের ২৪শে বৈশাখ তারিখে যশোহর মিউনিসি-প্যালিটির অন্তর্গত বারান্দি গ্রাম নিবাসী শ্রীযুত কেশবলাল নাথ মহাশয়ের সুযোগ্য পুত্র শ্রীযুত সতীশচন্দ্র নাথ বি, এ (যশোহর সম্মিলনী উঃ ইঃ বিদ্যালয়ের শিক্ষক) মহাশয়ের সহিত বাগেরহাটের নিকটবর্ত্তী রহিমাবাদ গ্রামের স্বজাতি-কল্যাণকামী ৺উমাচরণ নাথ মহাশয়ের জ্যেষ্ঠপুত্র শ্রীযুত

অন্নদাচরণ নাথ মহাশয়ের জ্যেষ্ঠা কন্যা শ্রীমতী চারুবালা দেবীর বিবাহ মহাসমারোহের সহিত সম্পন্ন হয়। উভয় জেলার বহু গণ্য মান্য ব্যক্তি বিবাহ সভায় উপস্থিত ছিলেন।

## বাল্য বিবাহ।

গত ১৯।২০ বৎসর পূর্ব্বে সমাজে যেরূপ বাল্য বিবাহ প্রচলিত ছিল, কয়েক বৎসরের আন্দোলনে আজকাল তাহা একরূপ উঠিয়া গিয়াছে। প্রায় সকলে বাল্য বিবাহের অপকারিতা হৃদয়ঙ্গম করিতে পারিয়াছেন।

## সমাজের কুরীতির উচ্ছেদ।

কয়েক বৎসরের আন্দোলনে সমাজের অনেক কুরীতির উচ্ছেদ সাধিত হইয়াছে। জন সাধারণ ক্রমেই মার্জ্জিত রুচির পক্ষপাতী হইতেছেন। যাহাতে সমাজের সর্ব্বাঙ্গীন মঙ্গল হয় ইহাই সাধারণের চিন্তার বিষয় হইয়া দাঁড়াইয়াছে।

## পুরোহিত সংস্কার।

সংস্কৃত ভাষায় সুপণ্ডিত নিষ্ঠাবান্ দশকর্ম্মজ্ঞ ও জ্যোতিষ-শাস্ত্রবিৎ অনেক পণ্ডিত পূর্ব্বে এই সমাজ অলঙ্কৃত করিয়া গিয়াছেন। তন্মধ্যে সিংগাতি নিবাসী প্রসিদ্ধ জ্যোতির্ব্বিদ ৺রামনারায়ণ ভারতী ও তদীয় পৌত্র ৺পীতাম্বর ভারতী, মশিদপুর নিবাসী ৺মৃত্যুঞ্জয় ভট্টাচার্য্য, রসুলপুর নিবাসী ৺রামযুগল ভট্টাচার্য্য এবং রহিমাবাদ নিবাসী দশকর্ম্মজ্ঞ ৺তারাচাঁদ ভট্টাচার্য্য মহাশয়গণের নাম বিশেষ উল্লেখযোগ্য

এখনো অনেক ছাত্র সংস্কৃত ভাষা শিক্ষা করিয়া পৌরহিত্য কার্য্য শিক্ষা করিতেছেন। কাজেই বিবাহ, শ্রাদ্ধ, ব্রত, পূজা ও হোমাদি বৈদিক কার্য্য যথারীতি সম্পন্ন করার দিকে লোকের দৃষ্টি অধিকতর আকৃষ্ট হইতেছে।

## অষ্টম অধ্যায়।

# ধন ভাণ্ডারের আয় ব্যয়ের হিসাব।

১৩১৬ সাল।

| জমা | | খরচ |
|---|---|---|
| সদস্যগণের নিকট হইতে এককালীন আদায় | ৭৬৲ | |
| উক্ত টাকার সুদ | ১৭৲ | |
| মোট জমা | ৯৩৲ | |

—(*)—

১৩১৭ সাল।

| জমা | | খরচ |
|---|---|---|
| ১৩১৬ সালের মজুত তহবীল | ৯৩৲ | |
| উক্ত টাকার সুদ | ২৩৲ | |
| | ১১৬ | |

১৩১৮ সাল।

| জমা | | খরচ |
|---|---|---|
| ১৩১৭ সালের মজুত তহবিল | ১১৬৲ | |
| উক্ত টাকার সুদ | ৩১৲ | |
| | ১৪৭৲ | |

—(*)—

১৩১৯ সাল।

| জমা | | খরচ |
|---|---|---|
| ১৩১৮ সালের মজুত তহবিল | ১৪৭৲ | |
| উক্ত টাকার সুদ | ৩৭৲ | |
| পার্ব্বতীচরণ নাথ কবিরাজ সাং চুলকাটি সদস্য চাঁদা | ৫৲ | |
| চুড়ামণি হইতে বিবাহে আদায় মাং কৈলাশচন্দ্র নাথ সাং কার্ত্তিকদিয়া | ১৲ | |
| মোট জমা | ১৯০৲ | |

১৩২০ সাল।

জমা — খরচ —

১৩১৯ সালের মজুত তহবিল — ১৯০৲
উক্ত টাকার সুদ — ৩৯৲

২২৯৲

১৩২১ সাল।

জমা — খরচ —

১৩২০ সালের মজুত তহবিল — ২২৯৲
উক্ত টাকার সুদ — ৪৩৲
মোট জমা — ২৭২৲
খরচ বাদ — ৫৲

২৬৭৲

স্কুলের ছাত্র সাহায্য :-
মধুসুদন নাথ—
সাং রহিমাবাদ—৫৲

১৩২২ সাল।

জমা — খরচ —

১৩২১ সালের মজুত তহবিল — ২৬৭৲
উক্ত টাকার সুদ — ৪৮৲
মোট জমা — ৩১৫৲
খরচ বাদ — ৭৲

৩০৮৲

স্কুলের ছাত্র সাহায্য :—
মধুসুদন নাথ—
সাং রহিমাবাদ——৩৲
অন্নদাচরণ নাথ
সাং পারমধুদিয়া —৪৲

৭৲

## ১৩২৩ সাল।

### জমা

সদস্য চাঁদা :—

| | |
|---|---|
| কমলাকান্ত নাথ<br>সাং রহিমাবাদ | ২৲ |
| কালীপ্রসন্ন নাথ<br>সাং নন্দনপুর<br>[আজীবন সদস্য চাঁদা] | ১০৲ |
| জানকীনাথ নাথ কবিরাজ<br>সাং খাজুরা | ১৲ |
| রসিকচন্দ্র নাথ কবিরাজ<br>সাং কার্ত্তিকদিয়া<br>[আজীবন সদস্য চাঁদা] | ১০৲ |
| কেদারচন্দ্র নাথ—<br>সাং কার্ত্তিকদিয়া—<br>[আজীবন সদস্য চাঁদার] | ৩৲ |
| হরিচরণ নাথ [২নং]—<br>সাং রহিমাবাদ | ৫৲ |
| অর্জ্জুনচন্দ্র নাথ—<br>সাং কোধলা | ২৲ |
| হরষিতচন্দ্র নাথ কবিরাজ—<br>সাং কার্ত্তিকদিয়া | ৫৲ |

### খরচ

টোলের ছাত্র সাহায্য :-

| | |
|---|---|
| কানাইলাল নাথ<br>সাং বেতাগা | ৬॥০ |

কলেজের ছাত্র সাহায্য :-

| | |
|---|---|
| সত্যচরণ নাথ<br>সাং নৈহাটী | ৩৲ |
| যোগিসখার ঋণ পরিশোধকল্পে দান | ২/০ |
| | ১১॥/০ |

উমাচরণ নাথ—
সাং কর্ত্তিকদিয়া —— ১৲

রাইচরণ নাথ—
সাং রহিমাবাদ —— ৫৲

কনকচন্দ্র নাথ—
সাং পাগলা —— ২৲

যজ্ঞেশ্বর নাথ—
সাং চাপাতলা —— ২৲

৪৮৲

১৩২২ সালের মজুত তহবিল —— ৩০৮৲

উক্ত টাকার সুদ —— ৫১৲

মোট জমা—— ৪০৭৲

খ[illegible] —— ১১৷৴০

৩৯৫৷৶০

১৩২৪ সাল।

জমা

কেদার চন্দ্র নাথ—
সাং কার্ত্তিকদিয়া—
(আজীবন সদস্য চাঁদা শোধ) —— ৭৲

কালীপ্রসন্ন নাথ—
সাং জাড়িয়া—
(আজীবন সদস্য চাঁদা) —— ১০৲

খরচ

কলেজের ছাত্র সাহায্য :—
জগদীশচন্দ্র সরকার
সাং চুয়াডাঙ্গা, নদীয়া —— ১০৲

টোলের ছাত্র সাহায্য :-
মহেন্দ্রকুমার নাথ—
সাং চাপাতলা —— ১৸৶০

শশধর নাথ—
সাং কার্ত্তিকদিয়া
(সদস্য চাঁদা) ১৲

রামদয়াল নাথ—
সাং দেবীপুর
(সদস্য চাঁদা) ১৲

যোগিসখার ঋণ পরিশোধ
জন্য দান ৩/•

১৫৲

বাগেরহাট ভাগবত পাঠের
দক্ষিণা প্রাপ্ত
মাং কৃষ্ণচন্দ্র নাথ
মোঃ বাগেরহাট ৪৮১•

মুষ্টিভিক্ষার চাউল বিক্রয়—
মাঃ শরৎচন্দ্র নাথ—
সাং রহিমাবাদ ১৮১৫

বিবাহে আদায়—
মাং বঙ্কবিহারী নাথ
সাং রহিমাবাদ ২৲

বিবাহে আদায়
মাং শরৎচন্দ্র নাথ
সাং রহিমাবাদ ৫৲

ছাত্র সমিতির তহবিল
মাং কৃষ্ণচন্দ্র নাথ
মোঃ বাগেরহাট ২৩৮৶০

৫৬৷৴৫

| | |
|---|---|
| ১৩২৩ সালের মজুত তহবিল | ৩৯৫।৶৹ |
| উক্ত টাকার সুদ | ৫৫৲ |
| মোট জমা | ৫০৬৸৶৫ |
| খরচ বাদ | ১৫৲ |
| | ৪৯১৸৶৫ |

১৩২৫ সাল।

| জমা | | খরচ | |
|---|---|---|---|
| কেশবচন্দ্র নাথ—<br>বারান্দি, (যশোহর)—<br>পুত্রের বিবাহে দান | ৫৲ | যোগিসখার ঋণ<br>পরিশোধ কল্পে<br>দান | ২।৹ |
| প্রফুল্লকুমার নাথ—<br>সাং নৈহাটী মাতামহের<br>শ্রাদ্ধ উপলক্ষে দান— | ৩৲ | কাগজ ও চিঠিপত্র | ১॥৶৹ |
| ছাত্র সমিতির ৪র্থ বার্ষিক<br>অধিবেশনে স্বজাতি সাধার-<br>ণের নিকটহইতে প্রাপ্ত | ৮৶৹ | আসাম বঙ্গ যোগি সম্মিলনীর<br>কলিকাতার ৯ম অধিবেশনে<br>স্বেচ্ছাসেবক প্রেরণ | ৫৲ |
| প্রতাপচন্দ্র নাথ—<br>সাং রহিমাবাদ<br>এককালীন | ৩৲ | কলেজের ছাত্র সাহায্য :—<br>সত্যচরণ নাথ<br>সাং নৈহাটী—<br>পরীক্ষার ফি | ১০৲ |
| | ১৯৶৹ | প্যাড্ সহ রবার ষ্টাম্প— | ২।৶৹ |

১৩২৪ সালের মজুত তহবিল

| | |
|---|---|
| | ৪৯১৸৶৫ |
| উক্ত টাকার সুদ | ৬৩৸৶০ |
| মোট জমা | ৫৭৪৸৶৫ |
| খরচ বাদ | ২৯।/০ |
| | ৫৪৫৷৷/৫ |

স্কুলের ছাত্র সাহায্য ঃ—

নগেন্দ্রনাথ নাথ—
সাং ব্রাহ্মণরাংদিয়া

ঈশানচন্দ্র নাথ—
সাং রহিমাবাদ
পুত্র হরিদাসের পড়ার
সাহায্য ৩৲

২৯।/০

## ১৩২৬ সাল।

জমা

চুলকাটি ঘনশ্যামপুর নাথ সমিতির (শাখা) ভাণ্ডারের টাকা মাং পার্ব্বতীচরণ নাথ সাং চুলকাটি ৪৬৲

রাইচরণ নাথ—
সাং রহিমাবাদ
"কুদী মা" বটতলা সংক্রান্ত মোকদ্দমার খরচ বাদে অবশিষ্ট যাহা থাকে ২৲

খরচ

ইলাইপুর পাঠশালায় সাহায্য দান ৮৲

সমিতির রসিদ ছাপা ৩৷৷০

সমিতির বই খরিদ ও রসিদ বাঁধাই ৬৷৷০

বাগেরহাট কলেজের নাথ
মেসে সাহায্য দান

অম্বিকাচরণ নাথ—
সাং জাড়িয়াভবনা—
সদস্য চাঁদা ১৲

বিবাহে আদায়
মাং জানকীনাথ নাথ
সাং থাজুরা ১৲

অক্ষয়কুমার নাথ কবিরাজ
সাং চুড়ামণি
সদস্য চাঁদা ৫৲

ইলাইপুর নিবাসী
শুকচাঁদ নাথ মহাশয়ের
শ্রাদ্ধ উপলক্ষে স্বজাতি সাধারণের
নিকট হইতে প্রাপ্ত ২।০

৫৭।০

১৩২৫ সালের মজুত তহবিল
৫৪৫৷৷/৫

উক্ত টাকার সুদ ৬৯৲

মোট জমা ৬৭১৸/৫
খরচ বাদ ৮৷৷/০

৫৯০৷৷৫

যোগিসখার ঋণ পরিশোধ
কল্পে দান ২/০

খাজুরা গ্রামের পাঠশালায়
সাহায্য দান ৯৲

স্কুলের ছাত্র সাহায্য :—
সুরেন্দ্রকুমার নাথ
সাং মশিদপুর ২৲

চিঠিপত্র ।০

৮৷৷/০

১৩২৭ সাল।

| জমা | | খরচ | |
|---|---|---|---|
| যোগীন্দ্রচন্দ্র নাথ সাং নন্দনপুর সদস্য চাঁদা | ৫৲ | চুলকাটি সংস্কৃত টোলে সাহায্য দান | ৯৲ |
| অমৃতসুন্দরী দেবী সাং ইলাইপুর সভা উপলক্ষে এককালীন দান | ১৲ | সমিতির ১১শ বর্ষের অধিবেশনের সভাপতি নির্ব্বাচন, নিমন্ত্রণ জন্য ছাপা, ডাক, কাগজ | ৪৸৴১৫ |
| শশিভূষণ নাথ কবিরাজ সাং রছুলপুর সদস্য চাঁদা | ২৲ | | ১৩৸৴১৫ |
| দ্বারিকানাথ নাথ সাং চুলকাটি পুত্র কন্যার বিবাহোপলক্ষে এককালীন দান | ২৲ | | |
| ১৩২৬ সালের মজুত তহবিল | ৫৯০॥৫ | | |
| উক্ত টাকার সুদ | ৭৮৸০ | | |
| মোট জমা | ৬৯৭।৫ | | |
| খরচ বাদ | ১৩৸৴১৫ | | |
| | ৬৬৫।১০ | | |

১৩২৮ সাল।

| জমা | | খরচ | |
|---|---|---|---|
| সমিতির ১৩শ বর্ষের অধিবেশনে স্বজাতি সাধারণের নিকট হইতে প্রাপ্ত | ৭৫৲ | ইলাইপুর পাঠশালায় সাহায্য দান | ১০৲ |
| ১৩২৭ সালের মজুত তহবিল | ৬৬৫।১০ | রহিমাবাদ পাঠশালায় সাহায্য দান | ৭৫৲ |
| উক্ত টাকার সুদ | ৮৪৲ | কাগজ ও ডাক খরচ | ১৷৵০ |
| মোট জমা | ৭৫৬।১৫ | | ১৮।৵৫ |
| খরচ বাদ | ১৮।৵৫ | | |
| | ৭৩৭৸৵১০ | | |

উক্ত ৭৩৭৸৵১০ টাকা নিম্নলিখিত ব্যক্তিগণের নিকট থাকে :—

| | |
|---|---|
| কৃষ্ণচন্দ্র নাথ মোঃ বাগেরহাট | ৬৮২৸৵১০ |
| দফে বঙ্ককে | ২৫৲ |
| রাইচরণ নাথ মোঃ বাগেরহাট | ৩০৲ |

১৩২৯ সাল।

| জমা | | খরচ | |
|---|---|---|---|
| ১৩২৮ সালের মজুত তহবিল | ৭৩৭৸৵১০ | তহবিল বিতং :— | |
| উক্ত টাকার সুদ | ৯৭।৵৫ | কৃষ্ণচন্দ্র নাথ মোঃ বাগেরহাট | ৭৭৬৸৶১৫ |
| | | দফে বঙ্ককে | ২৫৲ |
| মোট জমা | ৮৩৫।১৫ | রাইচরণ নাথ মোঃ বাগেরহাট | ৩৩৸৶০ |

১৩৩০ সাল।

| জমা | | খরচ | |
|---|---|---|---|
| ১৩২৯ সালের মজুত | | তহবিল বিতং :— | |
| তহবিল | ৮৩৫৷১৫ | কৃষ্ণচন্দ্র নাথ | |
| উক্ত টাকার সুদ | ৯৮।৶০ | মোঃ বাগেরহাট | ৬৮১॥/১৫ |
| | | দফে বন্ধকে | ২৫৲ |
| মোট জমা | ৯৩৩॥৶১৫ | রাইচরণ নাথ | |
| | | মোঃ বাগেরহাট | ২২৩/৫ |

১৩৩১ সাল।

| জমা | | খরচ | |
|---|---|---|---|
| ১৩৩০ সালের মজুত | | স্কুলের ছাত্র সাহায্য :— | |
| তহবিল | ৯৩৩॥৶১০ | কেশবচন্দ্র নাথ | |
| উক্ত টাকার সুদ | ১১১৸৶৫ | সাং পাইকপাড়া | |
| মোট জমা | ১০৪৫৷/০ | ম্যাট্রিক্ পরীক্ষার ফিঃ | ১০৲ |
| খরচ বাদ | ৩৪।৶১৫ | ব্রজেশ্বর নাথ | |
| | | সাং দেবীপুর | |
| | | ম্যাট্রিক্ পরীক্ষার ফিঃ | ১০৲ |
| | | নরেন্দ্রনাথ নাথ | |
| | | সাং কোধলা | ৬৸৶০ |
| | | পিতৃশ্রাদ্ধ দায়ে :— | |
| | | লক্ষ্মীকান্ত নাথ | |
| | | সাং রহিমাবাদ | ৫৲ |
| | | উপবীত খরিদ ও চিঠিপত্র | ২॥১৫ |
| | | | ৩৪।৶১৫ |

তহবিল বিতং ঃ—

কৃষ্ণচন্দ্র নাথ
মোঃ বাগেরহাট ৭৪২৶১৫

দফে বন্ধকে ২৫৲

রাইচরণ নাথ
মোঃ বাগেরহাট ২৪৩৸৶১০

১৩৩২ সাল।

জমা

১৩৩১ সালের মজুত
তহবিল ১০১১৶৫

সুদ আদায় ১১৮।০

নেপালচন্দ্র নাথ
সাং কোধলা
মাতৃশ্রাদ্ধে সামাজিক দান
মাঃ কৃষ্ণচন্দ্র নাথ
মোঃ বাগেরহাট ৫৲

মোট জমা ১১৩৪৶৫
খরচ বাদ ৬০॥৴১৫

১০৭৩॥৶১০

খরচ

স্কুলের ছাত্র সাহায্য ঃ—
নারায়ণচন্দ্র নাথ
সাং পারমধুদিয়া ১০৸৶০

নরেন্দ্রনাথ নাথ
সাং কোধলা ৮৶০

টোলের ছাত্র সাহায্য ঃ—
যুধিষ্ঠির নাথ
সাং রহিমাবাদ ৫৸০

গৃহদাহে সাহায্য ঃ—
রশিকলাল নাথ
ত্রৈলোক্যনাথ নাথ
সাং মশিদপুর ১৪৲

পিতৃশ্রাদ্ধ দায়ে সাহায্য ঃ—
শুকচাঁদ নাথ
সাং কোধলা ২৲

| | |
|---|---|
| উপবীত খরিদ | ২।১০ |
| চিঠি, কাগজ | ॥০ |
| দাদনের বাকী | ১৭৶০ |
| | ৬০॥৵১৫ |

তহবিল বিতং :—

| | |
|---|---|
| কৃষ্ণচন্দ্র নাথ | |
| মোঃ বাগেরহাট | ৭৮২৸৶১০ |
| দফে বন্ধকে | ২৫৲ |
| রাইচরণ নাথ | |
| মোঃ বাগেরহাট | ৬৩৸/১৫ |
| নগদ তহবিল | ২॥৵২ |
| দাদনের সুদ বাকী | ১৭৶৫ |
| | ১০৯০৸/১৫ |

১৩৩৩ সাল।

| জমা | | খরচ | |
|---|---|---|---|
| ১৩৩২ সালের মজুত | | সমিতির মিল্, প্যাড্ | ২॥/০ |
| তহবিল | ১০৭৩॥৵১০ | সংস্কৃত পরীক্ষায় | |
| উক্ত টাকার সুদ | ১২৫॥৫ | পারিতোষিক :— | |
| এককালীন দান :— | | নকুলচন্দ্র নাথ | |
| মাঃ প্রতাপচন্দ্র নাথ ও | | সাং রহিমাবাদ | ১৲ |
| হরষিত নাথ কবিরাজ | ১৲ | অবিনাশচন্দ্র নাথ | |
| সুদ বাকী | ১৭৶৫ | সাং ঘনশ্যামপুর | ২৲ |

| | | | |
|---|---|---|---|
| সদস্য চাঁদা | ৯॥০ | যশোদাসুন্দরীর মোকদ্দমায় সাহায্য দান | ২৲ |
| মোট জমা | ১২২৬৮৵০ | যোগিসখা প্রেস ভাণ্ডারে সাহায্য দান | ২৲ |
| খরচ বাদ | ১২০৮৵০ | চুলকাটি বালিকা বিদ্যালয়ে সাহায্য দান | |
| | ১১০৬৲ | মাং স্বর্ণকুমারী দেবী সরস্বতী | ১০৲ |
| | | হাওড়ার ১৭শ মহাধিবেশনে প্রতিনিধি শ্রীযুক্ত জানকীনাথ নাথ মহাশয়কে প্রেরণ | ৭৲ |
| | | শ্যামাচরণ বিদ্যারত্নের মোকদ্দমায় সাহায্য দান | ৫৵০ |
| | | খাতা, কাগজ, চিঠি ডাক খরচাদি | ২।/১৫ |
| | | কার্য্য বিবরণী ছাপিবার খরচ | ৬৫॥৵০ |
| | | * সুদ রেয়াত | ২১৶৫ |
| | | | ১২০৮৵০ |

* কৃষ্ণবাবুর নিকট যে টাকা থাকে তন্মধ্য হইতে তিনি কমিটির অনুমোদনে জগদীশ দত্তের নিকট ২০০৲ টাকা দাদন করেন। পরে ২১৶৫ সুদ রেয়াইত বাদে সমস্ত টাকা তুলিয়া লওয়া হয়।

তহবিল বিতং :—

কৃষ্ণচন্দ্র নাথ—

মোঃ বাগেরহাট ৬৪১৲

রাইচরণ নাথ—

মোঃ বাগেরহাট ২৬৫৲

হরি চরণ নাথ—

আশুতোষ নাথ—

মোঃ বাগেরহাট ২০০৲

হিসাব নিভু'ল,

স্বাক্ষর—শ্রীহরিচরণ নাথ;

হিসাব পরীক্ষক।

## নবম অধ্যায়।

# ১৩৩৩ সালের সদস্য-তালিকা।

### আজীবন সদস্য:—

শ্রীগোপালচন্দ্র নাথ, ব্রাহ্মণরাংদিয়া।
শ্রীসখিচরণ নাথ, মশিদপুর।
শ্রীসুদর্শন নাথ, ঘনশ্যামপুর।
শ্রীগোবিন্দচন্দ্র নাথ. কোধলা।
শ্রীবলরাম নাথ, কোধলা।
শ্রীদ্বারিকানাথ নাথ, কোধলা।
শ্রীনিবারণচন্দ্র নাথ, সিংগাতী।
শ্রীপ্রিয়নাথ নাথ, কোধলা।
শ্রীকৈলাশচন্দ্র নাথ, কার্ত্তিকদিয়া।
শ্রীহরিচরণ নাথ. (১) রহিমাবাদ।
শ্রীকৃষ্ণচন্দ্র নাথ, কোধলা।
শ্রীউমাচরণ নাথ, কোধলা।
শ্রীরসিকচন্দ্র নাথ, কার্ত্তিকদিয়া।
শ্রীকালীপ্রসন্ন নাথ, জাড়িয়া।
শ্রীকেদারচন্দ্র নাথ, কার্ত্তিকদিয়া।

### বিশিষ্ট সদস্য:—

শ্রীহরবিত নাথ, কার্ত্তিকদিয়া।
শ্রীঅক্ষয় কুমার নাথ, চূড়ামণি।
শ্রীযোগীন্দ্র কুমার নাথ, নন্দনপুর।
শ্রীশরৎচন্দ্র নাথ বি-এল, রহিমাবাদ।
শ্রীকৃষ্ণচন্দ্র নাথ, বাগেরহাট।
শ্রীমতী বিমলাসুন্দরী দেবী,
( কৃষ্ণ বাবুর স্ত্রী ) বাগেরহাট।
শ্রীঅবিনাশচন্দ্র নাথ, ঘনশ্যামপুর।
শ্রীসত্যচরণ নাথ বি-এ, নৈহাটী।
শ্রীমতী মায়ালতা দেবী, নৈহাটী।
( সত্য বাবুর স্ত্রী )
শ্রীআশুতোষ নাথ, রহিমাবাদ।
শ্রীবলহরি নাথ, ডিংসাইপাড়া।
শ্রীকৃষ্ণভূষণ নাথ, চুলকাটি।

## সাধারণ সদস্য :-

শ্রীহরিচরণ নাথ, (২) রহিমাবাদ।

শ্রীপ্রতাপচন্দ্র নাথ, রহিমাবাদ।

শ্রীকালাচাঁদ নাথ, ষাইটতলা।

শ্রীমতী বিশখাসুন্দরী দেবী, ঘনশ্যামপুর।
(শিক্ষক অবিনাশ বাবুর স্ত্রী)

শ্রীহরষিত চন্দ্র নাথ, খাজুরা।

শ্রীকানাই লাল কাব্যতীর্থ, বেতাগা।

শ্রীনারায়ণ চন্দ্র নাথ, রহিমাবাদ।

শ্রীসীতানাথ নাথ, ঘনশ্যামপুর।

শ্রীউপেন্দ্র কিশোর নাথ, বেতাগা।

শ্রীরাইচরণ নাথ, রহিমাবাদ।

শ্রীশশিভূষণ নাথ, রছুলপুর।

শ্রীজানকীনাথ নাথ, খাজুরা।

শ্রীহরিচরণ নাথ, ঘনশ্যামপুর।

শ্রীরাখালচন্দ্র নাথ, মশিদপুর।

শ্রীবিহারী লাল নাথ, ঘনশ্যামপুর।

শ্রীজগদীশ নাথ, পাইকপাড়া।

শ্রীহরষিত চন্দ্র নাথ, ঘনশ্যামপুর।

শ্রীজগদ্বন্ধু নাথ, ঘনশ্যামপুর।

শ্রীফটিকচন্দ্র নাথ, বেতাগা।

## পৃষ্ঠপোষক সদস্য :—

শ্রীকুঞ্জবিহারী নাথ, ইলাইপুর।



## দশম অধ্যায়।

# বাগেরহাট-নাথ-সমিতির

# নিয়মাবলী

### উদ্দেশ্য।

খুলনা জেলার অন্তর্গত "ভৈরব রাঢ়ী" যোগী সমাজের উন্নতি-বিষয়ক ও অবনতি-প্রতিষেধক সর্ব্বপ্রকার কার্য্য সম্পাদন।

### সমিতির নাম।

১। যাঁহাদের লইয়া এই সমিতি গঠিত তাঁহাদের অধিকাংশই বাগেরহাট মহকুমার অধিবাসী বলিয়া এই জাতীয়-সঙ্ঘ "বাগেরহাট-নাথ-সমিতি" নামে অভিহিত।

(ক) এই নিয়মাবলীতে 'সমিতি' শব্দে 'বাগেরহাট-নাথ-সমিতি' বুঝিতে হইবে।

### কার্য্যক্ষেত্র।

২। খুলনা সহরের পূর্ব্ব পারে ভৈরব নদের তীরবর্ত্তী 'ভৈরব-রাঢ়ী' যোগী সমাজের সমস্ত অর্থাৎ নিম্নলিখিত গ্রাম সমূহের

অধিবাসী ( যাহার সংখ্যা কিঞ্চিদধিক তিন সহস্র ) যোগী-গণকে লইয়া এই সমিতি গঠিত।

## সমিতির অন্তর্গত গ্রামসমূহ :—

| | | |
|---|---|---|
| ১। নন্দনপুর | ১৬। কামারভিটা | ৩১। মুড়াগাছা |
| ২। নিকলাপুর | ১৭। ঘনশ্যামপুর | ৩২। সাহীপুর |
| ৩। কর্ণপুর | ১৮। চুলকাটি | ৩৩। জাড়িয়া |
| ৪। নৈহাটী | ১৯। মিরাণতালুক | ৩৪। সিংগাতি |
| ৫। দেবীপুর | ২০। রণজিৎপুর | ৩৫। খল্‌সি |
| ৬। ইলাইপুর | ২১। চূড়ামণি | ৩৬। কাঁঠালতলা |
| ৭। আমদাবাদ | ২২। পারমধুদিয়া | ৩৭। ব্রাহ্মণরাংদিয়া |
| ৮। খাজুরা | ২৩। পুনীমারি | ৩৮। কোমরপুর |
| ৯। বাওইডাঙ্গা | ২৪। বেলেরকুল | ৩৯। বানিয়াগাতি |
| ১০। লখ্‌পুর | ২৫। রছুলপুর | ৪০। মশিদপুর |
| ১১। জাড়িয়া | ২৬। পাইকপাড়া | ৪১। চাঁপাতলা |
| ১২। জাড়িয়াভবনা | ২৭। পিলজঙ্গ | ৪২। রহিমাবাদ |
| ১৩। শ্যামবাগাত | ২৮। রাখালগাছি | ৪৩। চিরুলিয়া |
| ১৪। বেতাগা | ২৯। ভাট্‌পাড়া | ৪৪। কাত্তিকদিয়া |
| ১৫। ষাইটতলা | ৩০। পাগলা | ৪৫। কোধলা |
| | | ৪৬। বাকপুরা। |

## সদস্য হইবার নিয়ম :

৩। 'ভৈরব-রাঢ়ী' সমাজের ব্যক্তি মাত্রেই (পুরুষ ও মহিলা) এই সমিতির সদস্য হইতে পারিবেন।

৪। প্রতি ১লা বৈশাখ হইতে ৩০শে চৈত্র পর্য্যন্ত সমিতির এক এক বৎসর (session) গণ্য হইবে।

৫। সাধারণতঃ নিম্নলিখিত চারি শ্রেণীর সদস্য দ্বারা এই সমিতি গঠিত।

(ক) সাধারণ-সদস্য,

(খ) বিশিষ্ট-সদস্য,

(গ) আজীবন-সদস্য,

(ঘ) পৃষ্ঠপোষক-সদস্য,

৬। সমিতির বার্ষিক সদস্য-চাঁদা অগ্রিম দেয়।

৭। সাধারণ-সদস্যের বার্ষিক চাঁদা ।০ চারি আনা মাত্র।

৮। বিশিষ্ট-সদস্যের বার্ষিক চাঁদা ॥০ আট আনা মাত্র।

৯। যিনি বৎসরের যে কোন সময়েই চাঁদা দিউন তিনি শুধু সেই বৎসরের জন্যই সমিতির সদস্য শ্রেণীভুক্ত থাকিবেন।

১০। যিনি সমিতিতে এককালীন ১০৲ দশ টাকা দিবেন তিনি আজীবন-সদস্য শ্রেণীভুক্ত হইবেন;

(ক) তাঁহার জীবিত কাল পর্য্যন্ত তিনি সমিতির সদস্য থাকিবেন।

১১। যিনি সমিতির কোন এক বাৎসরিক সাধারণ সভা আহ্বান করিয়া সভার ব্যয়ভার বহন করিবেন তিনি পৃষ্ঠ-পোষক সদস্য শ্রেণীভুক্ত হইবেন;

(ক) তাহার জীবিত কাল পর্য্যন্ত তিনি ঐরূপ সদস্য থাকিবেন।

১২। সমিতির বার্ষিক সদস্য চাঁদা অন্ততঃ ৩০শে জ্যৈষ্ঠের মধ্যে (অথবা আষাঢ় মাসের যে দিন বাৎসরিক সাধারণ সভার অধিবেশন হইবে সেই দিনের মধ্যে) সম্পাদকের নিকট অথবা ভারপ্রাপ্ত প্রতিনিধির নিকট অবশ্য দিতে হইবে।

## সভা ঃ

১৩। এই সমিতির নিম্নলিখিত ৪ চারি প্রকার সভার অধিবেশন হইবে।

(ক) সমাজের বাৎসরিক সাধারণ সভা,

(খ) সদস্যগণের বাৎসরিক সাধারণ সভা,

(গ) সদস্যগণের বিশেষ সাধারণ সভা,

(ঘ) কার্য্য নির্ব্বাহক কমিটির সভা।

১৪। প্রতি বৎসর ৩০শে আষাঢ়ের মধ্যে সমাজের বাৎসরিক সাধারণ সভার অধিবেশন হইবে। এই অধিবেশনের সহিতই সদস্যগণের বাৎসরিক সাধারণ সভারও অধিবেশন হইতে পারিবে।

১৫। যে বৎসর আষাঢ় মাস মধ্যে সমাজের বাৎসরিক সাধারণ সভার অধিবেশনের সম্ভাবনা থাকিবে না সেই বৎসর সম্পাদক স্থান, তারিখ ও সময় নির্দ্দেশ করতঃ আষাঢ় মাসের মধ্যে অন্ততঃ ১০ দিন পূর্ব্বে নোটীশ দিয়া সদস্যগণের বাৎসরিক সাধারণ সভা আহ্বান করিবেন।

১৬। বিশেষ আবশ্যক হইলে সভাপতিও সম্পাদক ৭ দিন পূর্ব্বে নোটীশ দিয়া সদস্যগণের বিশেষ সাধারণ সভা আহ্বান করিতে পারিবেন; ঐরূপ নোটীশে সভার উদ্দেশ্য লিখিত থাকিবে।

১৭। সদস্যগণের যে কোন সাধারণ সভায় ¼ এক চতুর্থাংশ সদস্য উপস্থিত থাকিলে সভার কার্য্য চলিতে পারিবে; (quorum হইবে।)

## কার্য্য নির্ব্বাহক কমিটি।

১৮। ১২শ নিয়মানুযায়ী যাঁহারা সদস্য চাঁদা দিবেন তাঁহাদিগের ও তৎকালীন অন্যান্য সদস্যগণের মধ্য হইতেই তাঁহাদের অধিকাংশের মতানুযায়ী সমিতির কার্য্য নির্ব্বাহক কমিটি গঠিত হইবে।

১৯। সদস্যগণের বাৎসরিক সাধারণ সভায়;—

(ক) সম্পাদক পূর্ব্ব বৎসরের আয় ব্যয়ের হিসাব দাখিল ও কার্য্য বিবরণী পাঠ করিবেন;

(খ) সমিতির সভাপতি, সহকারী সভাপতি, সম্পাদক, সহকারী সম্পাদক, কোষাধ্যক্ষ ও হিসাব পরীক্ষক নির্ব্বাচিত হইবেন;

(গ) কার্য্য নির্ব্বাহক কমিটি গঠিত হইবে। সভাপতি, সহঃ-সভাপতি, সম্পাদক ও সহঃ-সম্পাদক কার্য্য নির্ব্বাহক কমিটির (ex officio) সদস্য থাকিবেন;

(ঘ) কাঃ নিঃ কমিটীর সদস্যগণের কার্য্যের কেন্দ্র ও কর্ত্তব্য নির্দ্ধারিত হইবে ;

(ঙ) চাঁদা, দান প্রভৃতি সংগ্রহের জন্য প্রতিনিধি নিযুক্ত হইবেন ;

(চ) সম্পাদক আগামী বৎসরের আনুমানিক আয়-ব্যয়ের খসড়া (budget) দাখিল করিবেন ও সভায় তাহা অনুমোদিত করাইয়া লইবেন ;

(ছ) সমিতির প্রতিশ্রুত পুরস্কার বিতরণ করা হইবে ;

(জ) মহাধিবেশনে প্রতিনিধি প্রেরণ সম্বন্ধে আলোচনা হইবে ;

(ঝ) আবশ্যক মতে অন্যান্য বিষয়ের ও আলোচনা হইতে পারিবে।

২০। অন্যূন ১০ দশজন সদস্য লইয়া কার্য্য নির্ব্বাহক কমিটি গঠিত হইবে ; তন্মধ্যে একজন সভাপতি, একজন সহঃ-সভাপতি, একজন সম্পাদক ও আবশ্যক হইলে একজন সহঃ-সম্পাদক ও একজন কোষাধ্যক্ষ নির্ব্বাচিত হইবেন।

২১। কার্য্য নির্ব্বাহক কমিটি প্রতিবৎসর আষাঢ় মাস মধ্যে গঠিত হইবে।

২২। প্রতিবৎসর ১লা শ্রাবণ হইতে কার্য্যনির্ব্বাহক কমিটির বৎসর ( session ) ও কার্য্যকাল আরম্ভ হইবে।

২৩। কার্য্য নির্ব্বাহক কমিটির গঠন না হওয়া পর্য্যন্ত চলতি কার্য্য নির্ব্বাহক কমিটিই কার্য্য পরিচালনা করিতে থাকিবেন।

২৪। সম্পাদক ৭ দিন পূর্ব্বে নোটিস্ দিয়া ও সভার উদ্দেশ্য জ্ঞাপন করিয়া কার্য্য নির্ব্বাহক কমিটির প্রতি সভা আহ্বান করিবেন।

২৫। যতবার আবশ্যক ততবার কার্য্য নির্ব্বাহক কমিটীর অধিবেশন হইতে পারিবে ; ও ৫ জন সদস্য উপস্থিত হইলে সভার কার্য্য চলিতে পারিবে।

২৬। সভায় আলোচিত সর্ব্ব বিষয় উপস্থিত অধিকাংশ সদস্যর মতানুসারে নির্ব্বাহ হইবে।

(ক) মতের সংখ্যা দুই দিকে সমান হইলে সভাপতি একটি অতিরিক্ত (casting) ভোট্ দিতে পারিবেন।

২৭। গত সভা হইতে বর্ত্তমান সভা পর্য্যন্ত সমস্ত কার্য্যের বিবরণ সম্পাদক রিপোর্ট বইয়ে লিখিয়া পাঠ করিবেন ও তাহা সভায় অনুমোদিত করিয়া লইবেন।

২৮। কার্য্য নির্ব্বাহক কমিটীর সভায় সভাপতি ও সম্পাদকের অনুপস্থিতিতে যথাক্রমে সহঃ-সভাপতি ও সহঃ-সম্পাদক কার্য্য করিবেন।

২৯। কোন অধিবেশনে কোন প্রস্তাব গৃহীত হইয়া পরবর্ত্তী সভায় উহা পুনরালোচনা ও পুনর্ব্বার গৃহীত হইলে পুনর্গঠনের দিন হইতে ৬ মাস মধ্যে উহার পুনরালোচনা হইতে পারিবে না।

৩০। কাঃ নিঃ কমিটির কোন সদস্য এক বৎসরের মধ্যে কমিটির কোনও সভায় উপস্থিত না হইলে এবং তাহার

সন্তোষজনক কৈফিয়ৎ না দিলে পরবর্ত্তী বৎসরের কমিটীতে তিনি নির্ব্বাচিত হইতে পারিবেন না।

৩১। কার্য্য নির্ব্বাহক কমিটির সদস্যগণ প্রতি তিন মাস অন্তর তাঁহাদের কার্য্যের রিপোর্ট সম্পাদকের নিকট প্রদান করিবেন।

৩২। পদত্যাগ, মৃত্যু অথবা অন্যপ্রকারে কমিটির সদস্যপদ শূণ্য হইলে কমিটি সে স্থলে নূতন সদস্য নির্ব্বাচন করিতে পারিবেন।

(ক) পদ শূণ্য হওয়ার এক মাসের মধ্যে কাঃ নিঃ কমিটির সভা আহ্বান করিয়া নূতন সদস্য গ্রহণ করিতে হইবে; যতদিন না নূতন সদস্য গ্রহণ করা হয় ততদিন অবশিষ্ট সদস্যগণই কার্য্য পরিচালনা করিবেন।

## সভাপতি :

৩৩। বিশিষ্ট সদস্যগণের মধ্য হইতে সম্ভ্রান্ত, শিক্ষিত, উদার, স্বজাতিহিতৈষী উৎসাহী ও দক্ষ ব্যক্তিই সমিতির সভাপতি নির্ব্বাচিত হইতে পারিবেন।

(ক) তাঁহার এই সমাজ ও সমিতি সংক্রান্ত যাবতীয় কার্য্য পরিচালনা ও তত্ত্বাবধান করিবার ক্ষমতা থাকিবে।

## সম্পাদক :

৩৪। বিশিষ্ট সদস্যগণের মধ্য হইতে স্বজাতিহিতৈষী উৎসাহী, সম্ভ্রান্ত, শিক্ষিত, উদার ও কর্ম্মঠ ব্যক্তিই সমিতির

সম্পাদক নির্ব্বাচিত হইতে পারিবেন; ও তাঁহার উপর প্রধানতঃ নিম্নলিখিত কার্য্য সমূহের ভার থাকিবে ;—

(ক) সমিতির যাবতীয় খাতা, কাগজ পত্র ও হিসাব রাখা।

(খ) সাব্-কমিটির কর্ত্তব্য নির্দ্ধারণ করা।

(গ) আগামী বৎসরের আনুমানিক আয় ব্যয়ের খস্ড়া (budget) প্রস্তুত করা।

(ঘ) কার্য্য বিবরণী প্রকাশ করা।

(ঙ) কার্য্য বিবরণী ও আয় ব্যয়ের হিসাব জাতীয় পত্রিকায় প্রকাশ করা।

(চ) সাহায্য প্রার্থিগণের আবেদন পত্রাদি গ্রহণ, তাহাতে মন্তব্য প্রকাশ; ও ক্ষমতা পরিমিত সাহায্য মঞ্জুর করা ও কার্য্য নির্ব্বাহক কমিটির সভায় তাহা অনুমোদিত করিয়া লওয়া।

(ছ) সমিতির অন্তর্গত স্কুল, সংস্কৃত চতুষ্পাঠী ও শাখা সমিতির তত্ত্বাবধানের ব্যবস্থা করা।

(জ) স্কুল, সংস্কৃত চতুষ্পাঠী ও শাখা সমিতির জন্য উপবিধি (by laws) প্রস্তুত করা।

(ঝ) সভা আহ্বান করা ও তাহার স্থান তারিখ ও সময় নির্দ্ধারণ করা।

(ঞ) কমিটির অনুমোদনে পুরস্কার ঘোষণা ও তাহা প্রদান করা।

(ট) সমিতি সংক্রান্ত রিপোর্ট ও চিঠি পত্রের আদান প্রদান করা।

(ঠ) সদস্যগণের নিকট হইতে চাঁদা সংগ্রহ, এককালীন দান ও খাতকগণের নিকট হইতে সুদ আদায় করা।

(ড) এই সমাজের ও সমিতির হিতকর অন্যান্য কার্য্যের তত্ত্বাবধান ও সুব্যবস্থা করা।

৩৫। সম্পাদক যাবতীয় বিধি ও উপবিধির খসড়া প্রস্তুত করিয়া তাহা কাঃ নিঃ কমিটি কর্ত্তৃক অনুমোদিত করাইয়া সাধারণ সভায় পাশ করাইয়া লইবেন।

## সাব-কমিটি।

৩৬। আবশ্যক হইলে কার্য্য নির্ব্বাহক কমিটি যে কোন যোগ্য ব্যক্তিকে লইয়া সাব্-কমিটি ( sub-committee ) নিযুক্ত করিতে পারিবেন। কাঃ নিঃ কমিটির সভাপতি বা সম্পাদক ঐ সাব্-কমিটির একজন সভ্য থাকিবেন।

## কার্য্যালয়।

৩৭। সমিতির কার্য্যালয় বাগেরহাটেই থাকিবে ও কাঃ নিঃ কমিটীর অধিবেশন সাধারণতঃ কার্য্যালয়েই হইবে।

## সমাজের বাৎসরিক সাধারণ সভার সভাপতি ঃ

৩৮। এই সভার সভাপতি নির্ব্বাচনে কার্য্য নির্ব্বাহক কমিটী ৫ জন উপযুক্ত ব্যক্তির নাম প্রস্তাব করিয়া সদস্যগণের নিকট হইতে লিখিত ও দস্তখতযুক্ত মতামত গ্রহণ করিবেন ; এইরূপে অধিক সংখ্যক ভোট্ প্রাপ্ত ব্যক্তিই ঐ সভার সভাপতি নির্ব্বাচিত হইবেন।

(ক) সভার তারিখের ১৫ দিন পূর্ব্বে সমিতির সভাপতি পত্রের দ্বারা অথবা সাক্ষাৎভাবে নির্ব্বাচিত সভাপতির মত গ্রহণ করিয়া তাঁহাকে সভাপতিত্ব করিবার জন্য আহ্বান করিবেন।

## চাঁদা ও দানাদি সংগ্রহ ঃ

৩৯। কাঃ নিঃ কমিটীর সদস্যগণ ও নির্ব্বাচিত প্রতিনিধিগণ সম্পাদকের স্বাক্ষরযুক্ত 'ক্ষমতাপ্রাপ্ত নিদর্শন পত্র' দেখাইয়া সমিতির ছাপান রসিদ দিয়া চাঁদা আদায় করিতে পারিবেন। দাতাগণের নাম, ঠিকানা ও আদায়ী টাকা প্রতি মাসের ৩০শের মধ্যে সম্পাদকের নিকট বুঝাইয়া দিতে হইবে। রসিদের মুড়ি আফিসে ফেরত দিতে হইবে।

৪০। সভাপতি, সহঃ-সভাপতি বা সম্পাদক সদস্য ও প্রতিনিধিগণের রসিদ বহি পরিদর্শন ও আবশ্যক হইলে তাহা পুনর্গ্রহণ করিতে পারিবেন। সম্পাদকের নিকট রসিদের জমাখরচের হিসাব থাকিবে।

## সমিতির ধনভাণ্ডার।

৪১। সদস্যগণের-সাধারণ-সভার অনুমোদনে কার্য্যনির্ব্বাহক কমিটি ধনভাণ্ডার সংরক্ষণের সুব্যবস্থা করিবেন।

৪২। কার্য্য নির্ব্বাহক কমিটী ধনভাণ্ডারের নির্দ্ধারিত পরিমাণ টাকা উপযুক্ত দলিল লইয়া বিশ্বাস যোগ্য ব্যক্তির নিকট বার্ষিক শতকরা ১২৲ টাকা সুদের হারে দাদন করিতে পারিবেন।

৪৩। পরিমিত দাদন বাদে অবশিষ্ট টাকা সম্পাদকের নামে বাগেরহাট পোষ্ট আফিস সেভিংস ব্যাঙ্কে থাকিবে তাহার পাশ বই সভাপতি অথবা সহঃ-সভাপতির নিকট থাকিবে।

৪৪। সম্পাদক একসময়ে ২০৲ টাকা পর্য্যন্ত নিজ হস্তে রাখিতে পারিবেন; ও কমিটীর অনুমতি ব্যতীত এককালীন ৫৲ টাকা ও বৎসরে ২০৲ টাকা পর্য্যন্ত খরচ করিতে পারিবেন।

৪৫। খাতকগণের নিকট হইতে চৈত্র মাসে হিসাব করিয়া সুদের সমস্ত টাকা উঠাইয়া সম্পাদক সেভিংস্ ব্যাঙ্কে রাখিবেন।

৪৬। উক্ত ধনভাণ্ডার সমিতির কার্য্য ক্ষেত্রের মধ্যেই প্রধানতঃ শিক্ষা বিস্তারের জন্য ব্যয়িত হইবে; আবশ্যক হইলে এবং কাঃ নিঃ কমিটী অনুমোদন করিলে স্বজাতীয় উন্নতি বিষয় কার্য্য বিশেষে ও উহার কতকাংশ ব্যয় করা যাইতে পারিবে।

## সাহায্য দান।

৪৭। এই সমিতি হইতে আর্থিক সাহায্যপ্রার্থী তাঁহার বাটীর নিকটবর্ত্তী সমিতির কোন এক কার্য্যনির্ব্বাহক সদস্যের মন্তব্যসহ সম্পাদকের নিকট আবেদন করিবেন।

৪৮। যাঁহারা এই ধনভাণ্ডার হইতে সাহায্য লইয়া লেখা পড়া করিবেন, উপার্জ্জনক্ষম হইলে তাঁহাদিগকে সমিতিতে সেই টাকা ফেরত দিতে হইবে।

## শাখা বা গ্রাম্য সমিতি।

৪৯। বাগেরহাট নাথ সমিতির কার্য্যক্ষেত্রের অন্তর্গত এক বা একাধিক গ্রাম লইয়া যে সকল সমিতি গঠিত হইবে এই সমিতির সহিত তাহাদের উদ্দেশ্যের সামঞ্জস্য থাকিলে সেই সকল সমিতি ১৲ টাকা ভর্ত্তি ফি ও ১৲ টাকা বার্ষিক চাঁদা দিয়া এই সমিতির 'শাখা সমিতি' বলিয়া গণ্য হইতে পারিবে।

৫০। এই সমিতির মূল উদ্দেশ্য ও সাধারণ নিয়মাবলী মানিয়া শাখা সমিতিগুলি স্থানীয় ভাবানুযায়ী স্বাধীনভাবে কাজ করিতে পারিবে। সমাজের অনিষ্টকর কোন কার্য্যে অগ্রসর না হইলে এই সমিতি শাখা সমিতির কোন কার্য্যে হস্তক্ষেপ করিবেন না।

৫১। এই সমিতিতে যে সমস্ত হিতকর প্রস্তাব গৃহীত হইবে

তিনি শাখা সমিতির সাধারণ সভা আহ্বান করিয়া সভ্যগণকে বুঝাইয়া দিয়া উহা কার্য্যে পরিণত করিবেন।

৫২। শাখা-সমিতির সভাপতি সেই সমিতির প্রতিনিধিস্বরূপ এই সমিতির কার্য্যনির্ব্বাহক সদস্য থাকিবেন।

৫৩। এই সমিতির সাধারণ সভায় প্রতি শাখা সমিতির পক্ষ হইতে দুইজন প্রতিনিধি স্বরূপ উপস্থিত হইতে পারিবেন। সভায় তাঁহাদের মতামত সাধারণ সদস্যের মতামতের তুল্য পরিগণিত হইবে।

৫৪। শাখা সমিতি এই সমিতির নিকট প্রতি বৎসর বার্ষিক কার্য্যবিবরণী প্রেরণ করিবেন।

## বিবিধ।

৫৫। সম্পাদক সহঃ-সম্পাদক ও হিসাব পরীক্ষক তাঁহাদের কার্য্যে শিথিলতা দেখাইলে সাধারণ সভার অধিবেশন পর্য্যন্ত কার্য্য নির্ব্বাহক কমিটি তাহাদের পদে অন্য সদস্যকে নিযুক্ত করিবেন।

৫৬। আবশ্যক হইলে কার্য্যনির্ব্বাহক কমিটি কোন নিয়মের পরিবর্ত্তন ও পরিবর্দ্ধন করিতে পারিবেন। গুরুতর বিষয়ে সাধারণ সভার মত লইতে হইবে।

৫৭। ১৩৩৪ সালের ১লা বৈশাখ হইতে উক্ত নিয়মাবলী বিশেষভাবে কার্য্যকরী থাকিবে।

## সমাপ্ত।

IMPERIAL LIBRARY